# খাদি কার্যক্রম সহায়িকা

পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ

১২, বি.বা.দী বাগ :: কোলকাতা-৭০০ ০০১


ওয়েবসাইট ঃ www.wbkvib.org.in



পশ্চিমবঙ্গ খাদি ও
গ্রামীণ শিল্প পর্ষদ

# তোমার আমার খাদি পরিবার





পশ্চিমবঙ্গ খাদি ও
গ্রামীণ শিল্প পর্ষদ
পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ-এর
নিবেদন
প্রোজেক্ট বালুচরী
রেশম খাদি শিল্পে এক অভিনব উদ্যোগ
পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ, বালুচরী শাড়ি শিল্পের বিকাশে, এর উৎপাদনের এলাকা বিষ্ণুপুর থেকে সোনামুখী পর্যন্ত প্রসারিত করার লক্ষ্যে একটি বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। অস্তিত্ব রক্ষার নানা সমস্যার মোকাবিলা করে, এই রেশম শিল্প ও তার শিল্পীর জীবন ও জীবিকার সামগ্রিক উন্নয়নে ব্রতী পশ্চিমবঙ্গের খাদি পর্ষদ।

# কাঁথা স্টিচ্ শাড়ীর অংশ বিশেষ




দক্ষ শিল্পীর হাতের জাদুস্পর্শে সরল সেলাই-এ তৈরি "কাঁথা স্টিচ্" শাড়ি। গ্রামীণ নারীদের মনের কথা প্রকাশ পায় এই ধরণের শিল্পকর্মে। বীরভূমের "নানুর' ব্লকে এ ধরণের শিল্পীদের বসবাস। এদের সৃষ্টি বেঁচে থাকে বছরের পর বছর।

# প্রাক্ কথন

*যারা ইতিহাস চর্চা করেন তাঁদের কথা থেকে জানা যায় যে, হাজার হাজার বছর আগে কোন এক আদিতে লজ্জা নিবারনের উপায় হিসাবে মানুষ শুধুমাত্র হাতের সাহায্যেই বস্ত্রখন্ড আবিষ্কার করে। **খাদির সেই জন্ম।** তারপর বছরের পর বছর কেটে যায়, চলে যায় যুগের পর যুগ। বেশ কয়েকটি পর্ব পেরিয়ে খাদি বস্ত্রের প্রাসঙ্গিকতা বাড়তেই থাকে।*

*আমাদের দেশে মোঘল আমলে স্বয়ং সম্রাট এবং নবাবদের পৃষ্টপোষকতায় শুরু হয় "খাদির সুবর্ণযুগ"। উচ্চ কাউন্টের সূতো কেটে তা থেকে মাকড়সার জালের মত নানা কারুকার্য সম্বলিত সম্মোহক বস্ত্র তৈরি শুরু হয়। এ ধরনের বস্ত্রকে বলা হয় "মসলিন" আবার অন্যদিকে রুপকথা আর পুরানের পটভূমিতে নানা নকশা সম্বলিত "অপূর্ব বালুচরী" শাড়ী তৈরী হতে শুরু হোল। মিলে মিশে গেল 'ফ্যাশান' ও 'শিল্প'।*

*শিল্প বিপ্লবের পর উপনিবেশিত বঙ্গদেশে পুঁজি আর প্রযুক্তি ব্যবহারের ফলে শুরু হয় খাদি শিল্পে পট পরিবর্তন। ব্রিটিশ শাসকদের অত্যাচার এবং সেই সাথে অপেক্ষাকৃত কম দামের কারনে মিলের কাপড় বাজার দখল করতে শুরু করে। এভাবেই খাদি শিল্প আস্তে আস্তে কান্ডারীহীন হয়ে পড়ে। খাদি শিল্প রুগ্ন হতে থাকে।*

*স্বাধীনতার পরেও তেমন কোন উদ্যোগ নেওযা হয়নি, যার ফলে এই শিল্পে রক্তক্ষয় অব্যহত থাকে। যদিও খাদি বস্ত্র উৎপাদনের ক্ষেত্রে অনেক কম বিনিয়োগের মাধ্যমে কর্ম ও জীবিকা সংস্থানের মত গুরুত্বপূর্ণ সমস্যার সুরাহা হয়, তবুও ক্ষেত্রটি তেমন গুরুত্ব পায়নি। কালের নিয়মে প্রগতি পথের পথিক কিছু মানুষের ব্যক্তিগত প্রচেষ্টায় মসলিনের উৎপাদন ক্ষেত্রে পদ্ধতিগত কিছু বিবর্তন এবং উন্নয়ন হতে থাকে।*

*উপরোক্ত প্রেক্ষাপটে বর্তমান রাজ্য সরকার সামগ্রিকভাবে খাদির পুনরুজ্জীবনের মাধ্যমে তার হারানো গৌরব ফেরাতে উদ্যোগী হয়েছেন। বালুচরী এবং মসলিনের উন্নয়নের জন্য অত্যাধুনিক প্রশিক্ষনও দেবার কাজ শুরু হয়েছে। অত্যন্ত আন্তরিক আবেগে কাটুনি ও তাঁতিগন প্রশিক্ষণ নিচ্ছেন। উঠে আসছে আর এক প্রজন্ম। উৎপাদিত পন্যের বিক্রয় ব্যবস্থাকেও নিশ্চিত করা হয়েছে। **খাদির সর্বাঙ্গীন উন্নয়নের মাধ্যমে গ্রামীন অর্থনৈতিক অবস্থার উন্নয়ণ ঘটানোর কর্মযজ্ঞে খাদি পর্ষদ আজ "ইউ.পি.এস" হয়ে দাঁড়িয়েছে।** এই এক বিশেষ পটভূমিকায় "**খাদি কার্যক্রম সহায়িকা**" টির প্রকাশনা অত্যন্ত সময়োপযোগী। সহায়িকাটিতে রয়েছে অতিসরল ভাষায় লেখা খাদিবিষয়ক কিছু সংজ্ঞা, কিছু তথ্য ও কিছু জটিল বিষয় যা এখানে উপস্থাপিত হয়েছে সরলভাবে অবশ্যই তা নজর কাড়ে।*

*যাঁরা এই কাজের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত তাঁদের কাছে সহায়িকাটি অত্যন্ত উপযোগী হবে বলে আমার বিশ্বাস।*

*সহায়িকাটি প্রস্তুত করার ক্ষেত্রে পর্ষদের **খাদি বিভাগের** ভূমিকা অবশ্যই প্রশংসনীয়।*


***মৃত্যুঞ্জয় বন্দোপাধ্যায়***
*মুখ্য নির্বাহী আধিকারীক*

*২৮-এ অগাষ্ট, ২০১৫*

# সূচীপত্র


| বিষয়ক্রম | পত্রাঙ্ক নং |
|---|---|
| চরখায় সূতো কাটছেন মহাত্মা গান্ধী - (একটি চিত্র) | ০১ |
| থিম সং | ০২ |
| খাদি/ইতিহাস/সংজ্ঞা/স্বতন্ত্রতা ইত্যাদি | ০৩-০৬ |
| চরখা/তাঁত | ০৭-০৮ |
| খাদি বিষয়ক কিছু সংজ্ঞা | ০৯-১১ |
| পর্ষদ কর্তৃক গৃহীত কার্যাবলী | ১২ |
| খাদি সংস্থা গঠন/খাদি শংসাপত্রকরন ও নিবন্ধন | ১৩-১৭ |
| শ্রেণীভুক্তকরণ ও শর্তাবলী | ১৮-২০ |
| কস্ট চার্ট | ২১ |
| বাজেট | ২২-২৪ |
| আই সেক | ২৫-২৬ |
| এম ডি এ | ২৭-২৮ |
| প্রদীপ ও স্ফূর্তি প্রকল্প / ওয়ার্কশেড প্রকল্প, কে আর ডি পি | ২৯-৩০ |
| খাদি মার্ক | ৩১-৩৫ |
| কল্যাণমূলক কর্মসূচী | ৩৬ |
| খাদি পণ্যের উন্নতি বর্ধন | ৩৭ |
| খাদি ফ্যাশন | ৩৮-৩৯ |
| এক নজরে (খাদি সংক্রান্ত বর্তমান ক্রিয়াকলাপ) | ৪০ |
| গুরুত্বপূর্ণ ফোন ও ই-মেল নম্বর | ৪১ |

পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ



“শরীর যোজনার মাঙ্গলিক চিহ্ন হোল চরখা - দৈহিকশ্রম। কোন ব্যক্তি ঐ ত্যাগ ছাড়া খাদ্য গ্রহণ করলে তা চুরি করার সামিল হয়”

- মহাত্মা গান্ধী

# থিম সং

আমাদের ঐতিহ্য, আমাদের ভালোলাগা
সকলের আঙুলের ছোঁয়ায়, একসাথে এগিয়ে যাওয়া।
দু হাতে সকালের আলো, দু পায়ে নতুন দিশা।
ভরসা অন্তবিহীন, দু চোখে জেতার নেশা।
হাজার নক্সায় স্বপ্ন বুনে - সবার এই পথ চলা
নানান রঙের আঁচল জুড়ে, কত যে গল্প বলা ...
একই সুত্রে বাঁধা এ মন, সবার এখন
তোমার আমার খাদি পরিবার।
স্বাধীন মনের নতুন সাজে তোমার আমার খাদি পরিবার।।
আমাদের মসলিন, আমাদের বালুচরি,
পৃথিবীর বুকে যার আর, নেই কোন জুড়ি।
ঘুরছে চরখা দিনে রাতে,
নিরন্তন অন্বেষণে।
সবার মাঝে আছে তার নাম,
আছে সে সবার গানে ...
একই সুত্রে বাঁধা এ মন, সবার এখন ...

**কথাকার ঃ** কমলিনী চ্যাটার্জী, **সুরকার ঃ** সুরজিৎ চ্যাটার্জ্জী, **কন্ঠদানে ঃ** ঊষা উত্থপ এবং সুরজিত চ্যাটার্জী, শ্রীকান্ত আচার্য, রূপঙ্কর বাগচি, সোমলতা আচার্য, লোপামুদ্রা মিত্র।

৭ই শ্রাবণ, ১৪২২ (ইং ২৪-০৭-২০১৫) পর্ষদের সভাগৃহে প্রধান কার্যালয়ের সকল আধিকারীক ও কর্মীবৃন্দের উপস্থিতিতে **পর্ষদ সভাপতি মাননীয় শ্রী গৌরি শঙ্কর দত্ত মহাশয় 'থিম সং' -এর আনুষ্ঠানিক প্রকাশ করেন।** একই সঙ্গে এক মহার্ঘ সংযোজন - **'বালুচরী'** বিষয়ক একটি তথ্যচিত্রের উদ্বোধন ও প্রদর্শনের ব্যবস্থা।

# খাদি-ইতিহাসের পাতা থেকে

মানব সভ্যতার একেবারে গোড়ার দিকে মানুষ কেবলমাত্র খাদ্যের অন্বেষণ করে বেড়াত। ওটাই ছিল তাদের একমাত্র কাজ। বেঁচে থাকার জন্য খাদ্য যোগাড় হলেও লজ্জা নিবারণ কিভাবে তারা করবে, তার জন্য বিস্তর চিন্তাভাবনা শুরু হয়। প্রথম পর্যায়ে তারা লজ্জা নিবারণ করত গাছের ছাল, পাতা ইত্যাদি দিয়ে। কয়েক হাজার বছর এভাবেই চলে যায়। এরপর মানুষ আগুন আবিষ্কার করল। নানা ধাতুর আবিষ্কার হতে শুরু হোল। চাষ বাস শুরু হলো। এর অনেক পরে আবিষ্কার হোল চাকা।

ভারতবর্ষেই কিছু মানুষ প্রথম প্রাচীন পদ্ধতিতে কার্পাস তুলো থেকে হাতে কাটা সুতো প্রস্তুত এবং তা থেকে বয়নের মাধ্যমে বস্ত্র উৎপাদন করতে শিখল। **পৃথিবীর মধ্যে ভারতেই প্রথম সূতী বস্ত্র উৎপন্ন হয়।** প্রথম দিকে পুরুষ ও স্ত্রীলোকগন শুধুমাত্র নিম্নাঙ্গেই পোশাক পরত। বেশ কয়েক হাজার বছর এভাবেই চলে যায়। উন্নয়নের পথে হেঁটে মানুষ শৌখিন হতে শিখল। স্ত্রীলোকেরা দেহের নিম্নাংশের সঙ্গে ঊর্ধ্বাংশেও পোশাক পরতে শুরু করল। **হরপ্পা মহেঞ্জোদরোর** ধ্বংসস্তূপ থেকে প্রাপ্ত দ্রব্যাদি সাক্ষ্য বহন করে যে, পাঁচ (৫) হাজার বছর আগেও সূতি বস্ত্রের প্রচলন ছিল। আবার যিশুখ্রিস্টের জন্মের দু-হাজার (২) বছর আগে মিশরের মমির আচ্ছাদন হিসাবে সূতি বস্ত্রের ব্যবহারের প্রমাণও মিলেছে। আমাদের দেশের পৃথিবী বিখ্যাত দুই মহাকাব্য-রামায়ণ ও মহাভারতে স্পষ্টভাবে সূক্ষ কাপড়ের কথার উল্লেখ পাওয়া যায়। নিঃসন্দেহে তা হাতের দ্বারাই উৎপন্ন অর্থাৎ **খাদি বস্ত্র।** তবে অনেক সময়ে এ ধরনের কাপড়ে সোনার কাজ করা থাকত।

বাংলার ইতিহাসে **খদ্দর তথা খাদির** এক দীর্ঘ ধারাবাহিকতা রয়েছে। চীনা পরিব্রাজক হিউয়েন সাং (ষষ্ঠ শতাব্দী) এবং পরবর্তীকালে মার্কোপোলোর (দ্বাদশ শতাব্দীতে) বর্ণনাতে বঙ্গের সূক্ষ সূতিখাদির উল্লেখ আছে। এই জাতীয় কাপড়ের বৈশিষ্ট্য ও গুনগত মানের প্রশংসা করতে গিয়ে ব্যবহৃত সূতোকে মার্কোপোলো 'মাকড়সার জালের' সাথে তুলনা করেছেন।

আর্য সভ্যতার সময় দেখা যায় যে মানুষ তার নিজের বাড়ীতে বসে নিজের কাপড় হাতে প্রস্তুত করতেন। বাড়ীতে বাড়ীতে চরখা চলার প্রচলন ছিল। তখনকার সমাজে বিবাহ অনুষ্ঠানে যৌতুক হিসেবে চরখা দেওয়ার চল ছিল। তখন প্রধানত কাটুনিরা ছিলেন নারী, যারা বাড়ীর কাজ করার পর অতিরিক্ত সময়ে এই কাজে যুক্ত হতেন। এই ধারা চলতে থাকে হাজার হাজার বছর ধরে।

ক্রমশঃ কৃষির পাশাপাশি সূতো কাটা এবং তা থেকে বয়ন কাজ সম্পূর্ণ করে কাপড় তৈরি করা এক গুরুত্বপূর্ণ এবং মর্যাদার পেশা হয়ে দাঁড়ায়। প্রতিটি জনপদে আস্তে আস্তে গড়ে ওঠে 'তাঁতি পাড়া'। এই পেশার সাথে ক্রমশ সমাজের এক শ্রেণীর লোক যুক্ত হতে

থাকে। উৎপাদনের ক্ষেত্রে একটানা চলতে থাকে গবেষণা। উন্নত থেকে উন্নততর হতে থাকে খাদি পণ্য। ফলশ্রুতি হিসেবে কাপড়ের গুণগত মান বাড়তে থাকে। আস্তে আস্তে দেশের চাহিদা মিটিয়ে রেশম খাদি, অতিসূক্ষ সূতিখাদি তথা **মসলিন শাড়ী** এই বাংলা থেকে রপ্তানি হতে থাকে মধ্যপ্রাচ্যে, এদের মধ্যে "শবনম" আর "আব-রওয়ান" ছিল সবচেয়ে নাম করা মসলিন। ঢাকার মহিলারা মসলিনের ওপর আবার সাদা সূতোর কাজ করে তার নাম দিয়েছিল "কাসিদা মসলিন"।

মোগল আমলে খাদি বা খদ্দরের সঙ্গে যুক্ত কারিগরগণের অবস্থাটা অনেকটা ভালো হয়। মোগল দরবারে বা নবাব দরবারে মসলিনের এবং উন্নত রেশম কাপড়ের অবাধ প্রবেশ শুরু হয়। সম্রাট জাহাঙ্গীর, শাহজাহান ও আওরংজেবের আমলে, খাদি, বিশেষতঃ সূক্ষ মসলিন - ছিল সৌন্দর্য ও বিলাসিতায় ভরপুর। এ দেশে ক্রমশঃ হস্তচালিত তাঁত বস্ত্র অন্যতম প্রধান পণ্য হয়ে দাঁড়াল।

**এর পরই খাদি শিল্প নানা সমস্যায় জর্জরিত হতে থাকে, কেমন ছিল সমস্যা ?**

ইংরেজ আমলের আগে থেকেই ব্যবসার উদ্দেশ্যে এদেশে আশা শুরু করে বিদেশি বাণিকেরা। বিদেশি পণ্য নিয়ে তারা এদেশে আসতে থাকে। সওদাগর হিসেবে আস্তে আস্তে তারা এদেশের নানা পণ্যের বাজার দখল করতে শুরু করে। তবে খাদি পণ্যের বাজারে কিন্তু সেভাবে এর তেমন কোন প্রভাব পড়ল না। ইতিমধ্যে **ইংল্যান্ডে এক যুগান্তকারী ঘটনা ঘটল - শিল্প বিপ্লব**। বাষ্প - ইঞ্জিনের সাহায্যে অনেক তাড়াতাড়ি মেশিনের মাধ্যমে বেশী উৎপাদন সম্ভব হতে থাকে। ১০০ জনের কাজ মাত্র ১০ জনে করতে সক্ষম হল। বিদেশি সওদাগারগণ অপেক্ষাকৃত কম দামে এদেশে বস্ত্র আমদানি শুরু করে।তবুও হাতের সাহায্যে তৈরি এদেশের খাদির চাহিদা তেমন কমল না। ১৮৫১ সালে লন্ডনে একটা আন্তর্জাতিক প্রদর্শনী হয়, তাতে এ দেশ থেকে ছিল ঢাকাই মসলিন। এর খবর ছাপা হয় "মর্নিং ক্রনিকেল" পত্রিকায়। রিপোর্টটা ছিল এই রকম - "ঢাকার হাবিবুল্লাই তাঁতির বানানো দশ গজ লম্বা এক খণ্ড মসলিনের ওজন ছিল মাত্র তিন আউন্স এবং এটা একটা বিয়ের আংটির মধ্য দিয়ে ও অবাধে টানা যায়"।

এবারে ইংরেজ শাসকশক্তি খাদি শিল্পের ওপর চরম আঘাত হানা শুরু করল। এদেশের খাদি তথা **মসলিন শিল্পীদের হাতের "বৃদ্ধাঙ্গুষ্ঠি" কেটে দেওয়া হয়।** নিরাপত্তার অভাবে ভালো খাদি বস্ত্র উৎপাদন বিরাটভাবে আঘাত প্রাপ্ত হলো। ব্রিটিশ সাম্রাজ্যবাদ ধ্বংস করে দিতে চাইল এ দেশের খদ্দর তথা খাদি শিল্পকে।ইংল্যান্ডে মসলিন আমদানি নিষিদ্ধ ঘোষণা হয়। তার কিছুদিন পর নিষেধাজ্ঞা তুলে দিয়ে আবার কৌশলে খাদিপণ্যে অতিরিক্ত আমদানিকর বসানো হয়। বাংলার গৌরবময় ঐহিত্যমণ্ডিত 'মসলিন' তথা **খাদি শিল্প রুগ্ন হতে থাকে**। এ অবস্থা বহুদিন চলে।

১৯১৫ এর পর মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকা থেকে দেশে ফিরে ভারতীয় কৃষক সমাজের

সাহায্যের উদ্দেশ্যে খাদি শিল্পের পুনঃজীবনের কথা বিশেষভাবে চিন্তাভাবনা শুরু করেন। বিদেশীপণ্য বয়কটের মাধ্যমে অসহযোগ আন্দোলন সংগঠিত করেন। খাদি স্বাধীনতা সংগ্রামের অন্যতম হাতিয়ার হয়ে ওঠে। তাঁরই নির্দেশিত পথে **একাম্বর নাথম নায়ার** নামে (তামিলনাড়ুর তিরুমলভেল্লী জেলার পাপন-ঝুলন গ্রামে) এক গ্রাম যুবক দীর্ঘদিন অধ্যাবসায়ের পর অবশেষে ১৯৪৮ সালে যে যন্ত্রটি আবিষ্কার করেন তাঁর নামকরণ যুবকটির নাম অনুসারে করা হয় **অম্বর চরখা।** এই চরখা আবিষ্কার এক বিপ্লব যা খাদি জগতে এক আলোড়ন সৃষ্টি করে। ইতিমধ্যেই দেশ স্বাধীন হয়েছে। কিছুদিনের মধ্যেই মহাত্মা গান্ধীর তিরোধান হয়। ঐ চরখার কিছু বিবর্তন হতে থাকে। কিন্তু খাদি শিল্পীদের অবস্থার অথবা সামগ্রিকভাবে খাদি শিল্পের তেমন উন্নয়ণ ঘটল।

স্বাধীনতার পরেও খাদি শিল্পের উন্নয়নের জন্য তেমন কোন উল্লেখযোগ্য ব্যবস্থা নেওয়া হয়নি। অথবা ব্যবস্থা নেওয়া হলেও তা কার্যকরী হয় নি। এর মধ্যে আবার ১৯৯১ সালে উদার অর্থনীতি ও বিশ্বায়নের হাওয়ায় মানুষের রুচি ও চাহিদার পরিবর্তন হতে থাকে।

এই প্রেক্ষাপটে **অত্যন্ত আনন্দের খবর এই যে বর্তমান রাজ্যসরকার নানা রকম উদ্যোগ গ্রহণ করেছেন বা করছেন,** যাতে করে সূতি খাদি, রেশম খাদি, মসলিন ইত্যাদির সঙ্গে জড়িতদের অর্থনৈতিক উন্নয়ণ ঘটে। একই সাথে ঐতিহ্যমণ্ডিত মসলিন শিল্প/ রেশম শিল্প আবার গৌরবের জায়গায় পুনঃ প্রতিষ্ঠিত হয়ে ফিরে আসতে পারে।

## খাদি বলতে কি বোঝায় ?

হাতে কাটা সূতো, রেশম বা পশম অথবা উহাদের যে কোন দুটির সমন্বয় বা মিশ্রণ থেকে হস্তচালিত তাঁতে উৎপন্ন কাপড়কে **খাদি** বলা হয়। অবশ্য অন্য কথায় এটাও বলা যায় যে হাতে কাটা সূতো ব্যবহারের মাধ্যমে এবং শুধুমাত্র হাতের সাহায্যে তাঁতে বোনা কাপড়ই হলো **খাদি**। গ্রামাঞ্চলে প্রাকৃতিক তন্তু থেকে যথা তুলা, রেশম অথবা পশম থেকে সূতো কাটা এবং তা থেকে বস্ত্র উৎপাদন কার্যক্রমের চল রয়েছে।

বর্তমানে নিম্নলিখিত শিল্পগুলি খাদি বিভাগের অন্তর্ভুক্ত ঃ-

**১। সূতো খাদি, ২। পশম খাদি, ৩। মসলিন খাদি, ৪। পলিবস্ত্র, ৫। রেশম খাদি।**

**খাদি - অদ্বিতীয়, অনুপম ঃ** খাদির সৌন্দর্যই তাকে অন্যান্য কাপড় থেকে স্বতন্ত্র করেছে, বিশেষতঃ হাতে বোনা হলেও এ জাতীয় বস্ত্রে বায়ু অবাধে চলাচলে সক্ষম এবং এই কারণে গ্রীষ্মকালে এ জাতীয় কাপড় মানব দেহকে শীতল রাখে।

**খাদি - লক্ষ্য ও সুযোগ ঃ** পশ্চিমবঙ্গ তার অনন্য শিল্পসত্ত্বা ও কারিগরির জন্য ইতিমধ্যেই খাদি কর্মসূচী রূপায়নের মাধ্যমে এখানে খাদির অবস্থান সুপ্রতিষ্ঠিত হয়েছে। আবহাওয়া

এবং প্রচুর স্থানীয় সম্পদ ও কারিগরে সহজলভ্যতার রাজ্যে খাদি কর্মসূচী রুপায়নের পথকে সুগম করেছে।

**খাদি - চূড়ান্ত উদ্দেশ্য ঃ** ভালো এবং কার্যকর উপায়ের মাধ্যমে খাদির বিকাশের দ্বারা **কম খরচে আরও বেশী উৎপাদন সাধনই** খাদি কর্মসূচীর চূড়ান্ত উদ্দেশ্য। 'পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ' এসব ক্ষেত্রে পরিকল্পনা গ্রহণের মাধ্যমে প্রয়োজনে হস্তক্ষেপ ও সমস্যাকে চিহ্নিত করে তার প্রতিকার করে। খাদি সোসাইটিদের নিকট হতে একটা পূর্ণাঙ্গ চিত্র পাওয়া দরকার যাতে, খাদির উন্নয়ন বিষয়ে যথার্থ ক্রুটি বিচ্যুতিগুলি প্রকৃত অর্থে দূর করে উন্নয়নের একটি 'রোড ম্যাপ' প্রস্তুত করা যায়।

**খাদির অতিরিক্ত বৈশিষ্ট্যসূচক লক্ষণ ঃ** খাদি কাপড়ের উৎপাদনের সঙ্গে সঙ্গে প্রচুর কর্মসংস্থানও হয়। পর্ষদের খাদি কর্মসূচীর রুপায়নের মাধ্যমে খাদি - কর্মীগণ প্রযুক্তি পেয়ে যাচ্ছেন হাতের নাগালে। অতি অল্প পুঁজি বিনিয়োগের মাধ্যমে খাদিতে প্রত্যন্ত এলাকায় গ্রামীণ মানুষের কর্মসংস্থান হয় - যেখানে এর কোন বিকল্প ব্যবস্থা নেই। দ্রুত বাড়তে থাকা বেকারত্ব এবং আংশিক বেকারত্ব নিরসনে খাদির মৌলিক উদ্দেশ্যসাধন এবং প্রাসঙ্গিকতা অস্বীকার করা যায় না।

**মহাত্মাজি এবং খাদি ঃ** মহাত্মা গান্ধী ১৯১৫ সালে দক্ষিণ আফ্রিকা থেকে ফেরার পর জাতীয় অর্থনীতিতে হাতে কাটা সূতো এবং তা থেকে হাতে তৈরি কাপড়ের গুরত্ব উপলব্ধি করেন। একারনে তিনি খাদি কর্মসূচীকে সার্বজনীন করার লক্ষে স্বাধীনতা সংগ্রামের অন্যতম অংশ হিসেবে পরিচালনা করেন। হাতে কাটা সূতো থেকে হাতে বোনা কাপড় - খাদি, এটি শুধু শতাব্দী প্রাচীনই নয় - মানবজাতির গোটা ইতিহাস জুড়ে এর অস্তিত্ব বর্তমান। শুধু তাই নয়, এটা আবহাওয়ার খেয়ালিপনা থেকেও আমাদেরকে রক্ষা করে।



**স্বপ্নের সাজে মসলিন শাড়ী**

**খাদি - আসল বার্তা ঃ** খাদি শুধুমাত্র হাতে কাটা অথবা হাতে বোনা কাপড়ই নয় - এটি মানবজাতির একটি মহান এবং সমৃদ্ধ ঐতিহ্য যা শুধুমাত্র তার বিশেষ বৈশিষ্টের জন্য অজস্র অশ্রুত সুরেলা ধ্বনির দ্বারা মানুষকে আকর্ষণের মাধ্যমে ভবিষ্যতের অনাগত দিনে জাদুমুগ্ধ করবেই করবে। আধুনিক ডিজাইনারগণ যারাই খাদি কাপড় নিয়ে গবেষণা করেছেন অথবা করছেন এর গুণমান ও বৈশিষ্টের জন্য খাদি প্রশংসিত হয়েছে। সে সময় আর দূরে নেই যেদিন খাদির প্রকৃত বার্তা পৌঁছে যাবে ঘরে ঘরে - খাদি শুধুমাত্র অভিজাতগণের ফ্যাসান না হয়ে সাধারণ মানুষের কাপড় হয়ে উঠবে। ইতিমধ্যেই বাজারে তার সংকেতও পাওয়া যাচ্ছে। এছাড়া কর্মসংস্থান সৃষ্টিতেও খাদি অদ্বিতীয়।

# চরখা

**চরখা হল** এমন একটি যন্ত্র যার দ্বারা প্রাকৃতিক কোন তন্তু হইতে সুতা কাটা যায়। সম্ভবত একাদশ শতাব্দীতে এশিয়ায় বিবর্তিত চরখার প্রথম আবির্ভাব ঘটে। এদেশেও মোটামুটি ওই সময় থেকেই চরখার বাণিজ্যিক প্রচলন শুরু হয়। অতি ধীরে ধীরে তা স্পিনডল ও কাটিমযুক্ত হস্তচালিত চরখায় রূপান্তরিত হয়। স্পিনিং যন্ত্রপাতি যেমন, স্পিনিং জেনি এবং স্পিনিং ফ্রেমের - শিল্প বিপ্লবের সময়ে প্রায় অবলুপ্তি ঘটে।

## শ্রে ণী বি ভা জ ন

### চরখা

- পাখি
- কিষাণ
- বক্স
- পকেট
- অম্বর
- এন এম সি (৪০ থেকে ৮০) ৬, ৮ স্পিন্ডল
- মসলিন
  - ৫ স্পিনডলযুক্ত (৪-স্পিনিং ১-রোভিং) উৎপাদন ক্ষমতা ৮ ঘন্টায় ১২ হাঙ্কস
  - ৭ স্পিনডলযুক্ত (৭-স্পিনিং ১-রোভিং) উৎপাদন ক্ষমতা ৮ ঘন্টায় ১৫ হাঙ্কস
  - ৮ স্পিনডলযুক্ত উৎপাদন ক্ষমতা ৮ ঘন্টায় ২০ হাঙ্কস



**৭ স্পিন্ডলযুক্ত মসলিন চরখা**



**৬ স্পিন্ডলযুক্ত অধিক গতি সম্পন্ন চরখা**


# তাঁত

**সংজ্ঞা ঃ** কাপড় বোনার কাজে যে যন্ত্র ব্যবহৃত হয়, তাকে **তাঁত** বলা হয়। যে কোন তাঁতের প্রধান উদ্দেশ্য টেনশনের অধীনে গোটানো সূতোকে ধরে রাখা এবং এর মাধ্যমে বয়নের সময় সূতোগুলিকে পরস্পর বিজড়িত করতে সাহায্য করা।

## শ্রে ণী বি ভা জ ন

**তাঁত**

- পিট
- ফ্রেম
- চিত্তরঞ্জন
- নেপাল
- টেক-আপ মোশানসহ অর্ধ স্বয়ংক্রিয
- জ্যাকার্ড
- ডব্বি



**চিত্রে অর্ধ স্বয়ংক্রিয় তাঁতে বয়ন চলছে**

# খাদি বিষয়ক কিছু সংজ্ঞা

**মসলিন ঃ** সাধারণত, ০ থেকে ৯৯ কাউন্ট পর্যন্ত সূতা থেকে তৈরি কাপড়কে বলা হয় **সূতি খাদি** এবং যে সব কাপড় ১০০ থেকে ৫০০ বা ৬০০ অথবা আরও উচ্চতর কাউন্টের সূতা থেকে তৈরি হয়, তাকে বলা হয় **মসলিন খাদি।** মেসোপটেমিয়ার ট্রাইগ্রিস নদীর তীরে অবস্থিত 'মসুল' **শহরের নাম থেকে 'মসলিন' নামটির উৎপত্তি।** মসলিন কাপড়কে এমনকি একটি আংটির মধ্য দিয়ে নিয়ে যাওয়া যায়। শুধু তাই নয় এই কাপড় এতটাই হাল্কা যে রোমদেশে একে বলা হয় - 'উভেন এয়ার'। ১১ মিটার এরূপ থান তৈরি করতে সাধারণতঃ ৪০-৬০ দিন সময় লাগে যেখানে সাধারণ খাদি কাপড় বুনতে লাগে মাত্র ৩-৪ দিন।

**বয়ন পদ্ধতি ঃ**

১। মসলিন সাধারণত বোনা হয় 'পিট লুম-'এ'। কংক্রিট মেঝের ওপর বোনার জন্য 'ফ্রেম লুম' করা হয়।

২। সাধারণত তাঁতের জন্য লোহা ও বাঁশের 'শানা' ব্যবহার করা হয়। 'শর' গাছের ছাল থেকে কেটে কেটে কাঠি তৈরি করা হয়। শরের শানার স্থানে লোহার শানাও ব্যবহার করা হয়।

৩। মসলিনে প্রচলিত তাঁতে যে "মাকু" এবং "ম্যরার" পদ্ধতি আছে তা নতুন অবস্থায় সেট হতে বেশ সময় লাগে।

৪। মসলিনের জন্য মাড় দেওয়া এখনও ভাত এবং খই -এর দ্বারা পুরাতন পদ্ধতিতেই চলছে।

৫। অতীতে ফাঁকা জায়গায় "টানা", হাঁটা এবং নরোজও গুটানো হোত। এখন তা ড্রামে করা হচ্ছে।

৬। মসলিন সূতোর কাজে আবহাওয়ার একটা বড় ভূমিকা আছে। বাতাসে আদ্রতা কমে অথবা বেড়ে গেলে কাজ করতে খুব অসুবিধে হয়। মসলিনের কাজের জন্য ভোরবেলা আদর্শ সময়।

৭। মসলিনের দক্ষ কারিগর হতে গেলে তাকে অনুভূতি প্রবন হতে হবে। শুরু থেকে শেষ অবধি পুরো প্রক্রিয়াটি সম্পন্ন হয় কেবলমাত্র হাতের দ্বারা।

**প্রজেক্ট মসলিন কি ও কেন ?**

পশ্চিমবঙ্গ সরকার মসলিনের পুনরুজ্জীবনের মাধ্যমে তার হারানো গৌরব ফেরানো এবং সংশ্লিষ্ট শিল্পীদের জীবনযাত্রার মান - উন্নয়নের জন্য সচেষ্ট হয়েছেন এবং তারই ফলশ্রুতি হোল - 'প্রজেক্ট মসলিন'।

রাজ্য সরকার এই প্রকল্পটির রচনা থেকে **রুপায়নের দ্বায়িত্ব দিয়েছেন পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদকে।** ইতিমধ্যে রুপায়নের কাজ পুরোদমে চালু হয়েছে।

**বালুচরী ঃ**

মোগল আমলে কয়েকজন অভিজ্ঞ তাঁতি পরিবার মুর্শিদাবাদ জেলার ভাগীরথী নদীর তীরে **জিয়াগঞ্জের কাছে "বালুচর" নামক এক ছোট্ট গ্রামে বসতি স্থাপন করেন।** প্রতিটি তাঁতির দক্ষতা ছিল প্রশ্নাতীত। তারা অসাধারণ কর্মকুশলতায় হস্তচালিত তাঁতে রেশমের শাড়ী প্রস্তুত করতে থাকেন। এই সমৃদ্ধ শাড়ী ইতিহাসের পাতায় **"বালুচরি"** শাড়ী নামে পরিচিত।

প্রকৃতপক্ষে মুঘলযুগ থেকে ইংরেজযুগের প্রাথমিক পর্ব অবধি সময়ই হোল **বালুচরির গৌরবময় যুগ**। ইংরেজ শাসনকালে বালুচরির অস্তিত্ব বিপন্ন হয়ে পড়ে। অবশ্য এর প্রধান কারন - রাজপৃষ্ঠপোষকতার অভাব, প্রাকৃতিক বিপর্যয়, বাজার দখলে কঠিন প্রতিযোগিতা ইত্যাদি।



বালুচরী শাড়ী তৈরির জন্য কাটুনি সূতো কাটছেন

'বালুচরী'র সঙ্গে জড়িতদের অস্তিত্বরক্ষার নানা সমস্যার মোকাবিলা করে, এই রেশমশিল্প ও তাঁর শিল্পীদের জীবন ও জীবিকার সামগ্রিক উন্নয়নে ব্রতী খাদি পর্ষদ।

**বয়নকার্য ঃ**

- দুই বা ততোধিক মাকুর ব্যবহার।
- এক একটি নক্সার পর জ্যাকার্ডে বিশাল পরিমাণ কার্ড বদল।

পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ, বাঁকুড়া জেলার **সোনামুখিতে রেশম খাদির অধীন এই শিল্পের সর্বাঙ্গীণ উন্নয়নের লক্ষে একটি প্রকল্প গ্রহণ করেছে ("বালুচরি কমপ্লেক্স")**। প্রকল্পটিতে বালুচরির উৎপাদন প্রক্রিয়ায় বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগ ঘটিয়ে আধুনিক চাহিদা উপযোগী উৎকর্ষতায় সমৃদ্ধ করার প্রয়াস গ্রহণ করা হয়েছে। এ প্রসঙ্গে "সিল্ক খাদি সেবা মণ্ডল" বিষ্ণুপুর, বাঁকুড়া-এর নাম অবশ্যই উল্লেখ করতে হয়।

**স্লাইভারঃ**- প্রক্রিয়াজাত পৃথক করা সূতোকে স্লাইভার বলা হয়।

**ববিনঃ**- ইহা কাঠ অথবা প্লাষ্টিক দ্বারা নির্মিত চরখার যন্ত্রাংশ বিশেষ যা সূতো কাটার সময় 'ইয়ার্ণ' জড়ানোর কাজ করে।

**এন এম সিঃ**- পুরো কথাই বলা হয় 'নিউ মডেল চরখা'। ইহা হস্তচালিত অথবা প্যাডেল চালিত আধুনিক রিং স্পিনিং এর ক্ষুদ্র সংস্করণ।

**ট্রাভেলার ঃ** ইংরেজি 'C' অক্ষর অথবা উপবৃত্তাকার আকৃতি বিশিষ্ট চরখার এটি একটি অংশ যা সূতো ঢোকানো অথবা পেঁচানোর কাজে ব্যবহৃত হয়।

**প্রি প্রসেসিং উনিটঃ**- রোভিং প্রস্তুত অবধি তন্তুকে সমান্তরালিকরনের কাজে ব্যবহৃত যন্ত্রাংশকে **প্রি প্রসেসিং ইউনিট** বলা হয়।

**স্পিনডল্ঃ**- স্পিনডল্ কথাটির অর্থ পর্যায়। যেমন - ৬ স্পিনডল্ এর অর্থ ছটি পর্যায় এবং উহাকে কমানো অথবা বাড়ানোর জন্য পেনিয়ন গিয়ার দরকার মতো কমানো অথবা বাড়ানো হয়।

**কাউন্ট ঃ**- সূতো গণনা হল সংখ্যার প্রকাশ যাহা দ্বারা বোঝা যায় উহার সূক্ষতা অথবা স্থূলতাকে। ইহাকে সূতো 'মোটা অথবা সরু' তার প্রকাশকও বলা যায়। টেক্সটাইল সংস্থা দ্বারা ইহাকে এইভাবে সংজ্ঞায়িত করা হয়েছে - "**কাউন্ট হোল একটি সংখ্যা যাহা প্রতি একক দৈর্ঘ্যের ভর অথবা একক ভরের সূতোর দৈর্ঘ্যকে বোঝা যায়।**"

ইয়ার্ন কাউন্টের প্রকারভেদ ঃ-

ক। অপ্রত্যক্ষ পদ্ধতি অনুযায়ী - ইংলিশ, মেট্রিক, ওয়াস্টেড

খ। প্রত্যক্ষ পদ্ধতি অনুযায়ী - টেক্স, ডেনিয়ার, পাউন্ড / স্পিনড্ল।

**Indirect count:** The count of yarn expresses the number of length units in one weight unit. Thus higher the count, finer the yarn. The system is generally used for cotton, worsted, linen (wet spun) etc.

Indirect count: $N= \dfrac{W \times L}{W \times I}$

Where, W = The weight of the sample, w = The unit weight of the system, L = The length of the sample. I = The unit length of the sample.

**Direct count:** The count of yarn expresses the no. of weight units in one length unit. Thus higher the count, coarser the yarn. The system is generally used for synthetic fibre, jute, silk etc.

Direct count: $N= \dfrac{W \times I}{W \times L}$

Where, N= The yarn number or, count, W = The weight of the sample. w = The unit weight of the sample. L = The length of the sample. 1 = The unit length of the sample.

**In Details:**

**English System:** It is defined as the number of hanks 840 yds per pound is called yarn count.

English cotton count, $\dfrac{\text{Length(yds)}}{\text{840 yds}} \times \dfrac{\text{1 pound}}{\text{Weight (Pound)}}$

**Metric System:** It is defined as the number of hank (1000m) per kg.

Metric count= $\dfrac{\text{Length(m)}}{\text{1000m}} \times \dfrac{\text{1kg}}{\text{Weight (kg)}}$

**Worsted system :** It is defined as the number of hanks (540yds) per pound.

Worsted count = $\dfrac{\text{Length (yds)}}{\text{560yrts.}} \times \dfrac{\text{1 Pound}}{\text{Weight (Pound)}}$

**Tex system or, Lea count:** It is defined as the weight in grams of 1000m is called tex count.

Tex count = $\dfrac{\text{Weight(gm)}}{\text{1gm}} \times \dfrac{\text{1000m}}{\text{Length(m)}}$

**Denier :** The number or, count in the denier system is the weight in grams of 9000m.

Denier count = $\dfrac{\text{Weight(gm)}}{\text{1gm}} \times \dfrac{\text{9000m}}{\text{Length(m)}}$

**Pounds per spindle (Jute system):** Count in the pound per spindle system is the weight in pounds of 14400 yards of yarn.

Pounds per spindle = $\dfrac{\text{Weight(Pound)}}{\text{1 Pound}} \times \dfrac{\text{9000(yds)}}{\text{Length(yds)}}$

# খাদি সেক্টরের উন্নতিকল্পে পর্ষদ কর্তৃক গৃহীত কার্যাবলী

১। রেজিস্ট্রিকৃত সংস্থা অথবা কো-অপারেটিভ সোসাইটিকে **শংসাপত্র প্রদান** ও উহার পুনঃ- নবিকরনের ব্যবস্থা করা।

২। উৎপাদন, খুচরা ও পাইকারি বিক্রয়ের **লক্ষমাত্রা স্থিরীকরণ** ও বাজেট আলোচনার উদ্দেশ্য ও আয়োজন সসম্পূর্ণ করা।

৩। ব্যাঙ্ক কর্তৃক খাদি সংস্থাকে প্রদত্ত ঋণের ক্ষেত্রে **'ইন্টাররেস্ট সাবসিডি স্কিম'** -এর প্রয়োগ।

ক। সংস্থার **সুদভর্তুকি** পাবার যোগ্যতা বিষয়ক শংসাপত্র প্রদান।

খ। সুদ ভর্তুকি বাবদ প্রাপ্য **অর্থের যোগান** দেওয়া।

৪। খাদি সংস্থা/সোসাইটির উৎপাদন/বিক্রয়/কর্মসংস্থান ও সংশ্লিষ্ট **কারিগরদের কল্যাণমূলক কার্য প্রভৃতির দেখ ভাল করা।**

৫। **বিপণন সহায়তা** প্রকল্পের সুবিধা খাদি সংস্থা / সোসাইটিদের মধ্যে রাজ্য সরকার থেকে এই খাতে নির্দিষ্ট পরিকল্পনা তহবিল বাবদ প্রাপ্ত অর্থের বন্টন।

৬। পর্ষদের সরাসরি **নিজস্ব উৎপাদন কেন্দ্রের** মাধ্যমে খাদি প্রকল্পের রুপায়ন।

৭। কারিগর কল্যাণ তহবিল **ট্রাস্টের পর্যবেক্ষণ**।

৮। 'জনশ্রী বিমা যোজনা'-র **রুপায়নের** কাজ দেখাশোনা করা।

৯। খাদি কমিশনের নিয়ম অনুযায়ী খাদি প্রতিষ্ঠান তথা সংস্থার **কর্মদক্ষতার মূল্যায়ণ** করা।

১০। খাদি মিশন স্কিম এর **"শুরু থেকে প্রস্তুত অবধি স্কিম"** এর বাস্তবায়ন।

১১। খাদি সংস্থার জন্য 'প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড ডিজাইন ইন্টারভেনসান অ্যান্ড প্যাকেজিং স্কিম' এর **বাস্তুবায়ন** করা।

১২। খাদির অন্তর্ভুক্ত **বিজ্ঞান ও প্রযুক্তি** (এস এন্ড টি) প্রকল্পের রুপায়ন।

১৩। গুচ্ছ শিল্পের **(ক্লাসটার)** উন্নয়ণ কর্মসূচির পরিকল্পনা ও রুপায়ন।

১৪। প্রথাগত শিল্প বিষয়ক **'স্ফূর্তি'** প্রকল্পের বাস্তুবয়ন।

১৫। **মসলিন শিল্পের বিপণন উন্নয়ন** উপলক্ষে ভাণ্ডার নির্মাণ (১২ নং বি বি ডি বাগ) ওএ বিক্রয় সুনিশ্চিত করার জন্য বিক্রয়কেন্দ্র স্থাপন (দক্ষিণাপণ, কলকাতা)।

১৬। **"তাঁত - সাথী"** - প্রকল্পের রূপায়ণ।

# খাদি কার্যক্রমে অংশগ্রহণ করিতে ইচ্ছুক কোন খাদি সংস্থাকে আইন অনুযায়ী নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন হতে হবে ঃ-

ক। সোসাইটি রেজিস্ট্রেশন আইন দ্বারা ১৮৬০ (আইন-xxi, ১৮৬০) নিবন্ধিভুক্ত কোন সংস্থা অথবা রাজ্যে আপাতত বলবৎ কোন আইন দ্বারা নিবন্ধিভুক্ত সংস্থা।

**নিবন্ধিভুক্তির জন্য (সরকারি) কর্তৃত্ব বা কর্তা-র নিকট আবেদন করা যায় ঃ-**

রেজিস্টার অফ ফার্ম সোসাইটিড এন্ড নন-ট্রেডিং কর্পোরেশন, পি-১৫ ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস এক্সটেনশন, টোডি ম্যানশন (দশম তলা), কলকাতা - ৭০০০০১

**খ। কো-অপারেটিভ সোসাইটি আইন - ১৮১২ (অ্যাক্ট- II, অফ ১৮২২) অথবা আইনানুগ আপাতত বলবতযোগ্য কোন আইন দ্বারা নিবন্ধিত কোন কো-অপারেটিভ সোসাইটি**

**নিবন্ধিভুক্তির আবেদন করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ**

রেজিস্টার অফ কো-অপারেটিভ সোসাইটিজ, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং, পঞ্চমতল, কলকাতা

**গ। ধর্মীয় অথবা দাতব্য কোন ট্রাস্ট যা সাধারণের জন্য সৃষ্ট।**

**নিবন্ধিভুক্তির আবেদন করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ**

ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স (রেভিনিউ), ডাইরেক্টরেট অফ রেজিস্ট্রেশন এন্ড স্ট্যাম্প রেভিনিউ, অফিস অফ দি এ আর এ-৩, কলকাতা (রাজভবনের উল্টোদিকে)

**খাদি কমিশন কর্তৃক সারটিফিকেশন/খাদি সংস্থার নিবন্ধিভুক্তিকরণ**

কোন সংস্থা / কো-অপারেটিভ সোসাইটি অথবা ট্রাস্ট গঠনের পর কে ভি আই সি থেকে খাদি সার্টিফিকেট পাবার জন্য যোগ্য হতে গেলে নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করতে পারেন। সংস্থার কার্যকরী কমিটির দ্বারা নিম্নলিখিত কাগজপত্রাদি ও তথ্য খাদি পর্ষদে জমা দেবেন। পর্ষদ ওগুলো যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সুপারিশসহ কে ভি আই সি-তে জমা দেবে ঃ-

১। বার্ষিক সাধারণ সবায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সংস্থার সদস্যগণ অনুমোদিত ফর্মে দরখাস্ত করিবেন। (দরখাস্তের প্র-ফর্মা অত্রসহ অ্যানেক্স-ii এ সংযোজিত হল)

২। এ জি এম -এর সিদ্ধান্তের প্রতিলিপি।

৩। সংস্থার বাই-ল সহ উহার রেজিস্ট্রেশন সার্টিফিকেট।

৪। সংস্থার অডিটেড ব্যালেন্স সীট

৫। সংস্থার মেমোর‍্যান্ডাম অফ অ্যাসোসিয়েশন।

৬। কাটুনি ও তাঁতিদের বিশদ বিবরণসহ তালিকা।

৭। ‘খাদি পরিধান করিব’ — এই মর্মে সদস্যগণের স্বীকারুক্তিপত্র।

৮। সোসাইটির জমি সংক্রান্ত কাগজপত্রাদি ও তথ্যাবলী।

৯। পাবলিক সেক্টর ব্যাঙ্ক -এ সর্বনিম্ন ২০০০০/- টাকার ব্যালেন্স আছে ব্যাঙ্কের এরূপ অ্যাকাউন্টের নম্বর।

১০। সুতো, মসলিন সূতো এবং সিল্ক খাদি উৎপাদনের জন্য “এরিয়া অফ অপারেশন” -এর বিশদভাবে উল্লেখ।

১১। রেজিস্টার অফ সোসাইটি থেকে প্রাপ্ত যথাযথ শংসিত ম্যানেজিং কমিটির তালিকা।

১২। স্থানীয় গ্রাম পঞ্চায়েত থেকে প্রাপ্ত অনাপত্তিপত্র।

১৩। বি ডি ও / বিধায়ক থেকে প্রাপ্ত অনাপত্তিপত্র।

১৪। বি ডি ও থেকে প্রাপ্ত ‘ইনট্রিগ্রিটি’ শংসাপত্র।

১৫। বর্তমান কার্যাবলী (যদি থাকে)।

১৬। সোসাইটির রেজিস্টার্ড অফিসের ঠিকানা।

১৭। অনুসন্ধান ও সম্পাদন - যোগ্যতা বিষয়ক সমীক্ষার প্রতিবেদন (খাদি পর্ষদ থেকে প্রাপ্ত)

১৮। স্থানীয় এলাকায় বর্তমান খাদি সংস্থা থেকে অনাপত্তিপত্র।

উপরোক্ত কাগজ পত্রাদি খাদি পর্ষদ সুপারিশসহ খাদি কমিশনে প্রেরণ করবে। খাদি সারটিফিকেশনের নিয়ম অনুযায়ী খাদি কার্যাবলী শুরু করার জন্য কমিশনের মুম্বাই অফিস নতুন খাদি সারটিফিকেট ইস্যু করবেন।

Annexure-II

# APPLICATION FROM CERTIFICATION / REGESTRATION (DIRECT ENLISTMENT) OF KHADI AND POLYVASTRA INSTITUTIONS

## (NAME OF THE STATE / DIVISIONAL OFFICE............................)

To,

1. Chairman, Central Certification Committee
2. Zonal Dy. Chief Executive Officer (__________Zone), KVIC

**PART-I**

I. GENERAL (To be filled in by the Secretary/Chairman of the institution)

1. Name of full address of Institution :
   (Headquarter & Place of work)
2. Registration Particulars
   (Number, Date & Act under which registered) :
3. Attested copy Memorandum of Association/ :
   Bye-laws.
4. N.O.C. from State Board : Obtained/Not obtained /Not applicable
   (strike out which are not applicable)
5. Activity proposed to be taken up by institution :
   Khadi /V.I./Khadi & V.I. both.
6. Weather Khadi/Polyvastra certificate obtained : Yes/No
   if yes, please state certificate No. and valid/
   renewed up to and copy may be attached.
7. A)Name of the place where the institution aimed to :
   Open production centre with the details of spinners
   Spinners and weavers.
   B) Estimated annual production (Rs. In lakhs) :
8. A) Name of the place where the institution aimed to :
   Open sales outlets.
   B) Estimated annual sales (Rs. In lakhs) :
9. NOC form local authorities in conducting khadi/ : Yes/No
   Poly/activities.
10. Foundation of Managing Committee approaching : Yes/No
    KVIC for certification and direct enlistment for
    Implementation of khadi programme.
11. List of Managing Committee Members / Trustees : Yes/No
    with Photos, Voters Identity Card/ ration card
    alongwith bio-data of all furnished by the Institution.

12. Copy of caste Certificate if the institution belongs : Yes/No
To S.C./S.T./O.B.C.

13. Declaration that staff members of KVIC State : Yes/No
KVIB or his /her family members have promoted
this institution (no blood relation with other
Committee members as required in terms of
circular No. Adm./H/492/92-93 dated 23-12-92

14. Particulars payment of Certification fee and: DD No. Bank & Branch Registration Fee of Rs.1000/- each drawn in favour of C.E.O., KVIC, Mumbai.

a) Certification :

b) Registration / Direct Enlistment :

15. Details of cap.tal :
Capital invested by the institution :
Capital borrowed :
Total Capital :

16. Certificate of Bank regarding Bank Account and : Yes/No
Own finds (A minimum amount of 20,000/-
Need to be maintained)

17. Details of immovable property available in the :
None of institution
a)Land (area and value):
b)Building (area and value):

18. Details of Annual Accounts
a)Estimated Income Expenditure statement for
Totally new institution.
b)Copy of balance sheet for working institution :

19. Submission of an undertaking to pay artisans : Yes/No
Strictly as per CCC and KVIC guideline

20. Submission of an undertaking to the effect that the : Yes/No
Institution will regularly deposit the AWF in the AWF
& Pension Trust.

21. Submission of an undertaking to the effect that : Yes/No.
the institution will enroll all the existing as well
as fufure artisans in the Jana Shree Bima Yojana
and AWFT.

22. Submission of an undertaking to the effect that :
The Institution shall purchase the raw
material Strictly in accordance with KVIC guidelines.

I/We solemnly affirm implementation of khadi /Plyvastra programme in accordance with the guidelines issued Commission and also Central Certification Committee. I/We will never do anything that may infringe eth of khadi, further, I/we promise to return the Khadi/Ployvastra Certificate /Registration letter on expiry of their period or on being informed their cancellation.

I/We do hereby declare that stated above is true to the best of my /our information and belief

Place:

Date:

**(SIGNATURE OF THE SECRETARY)**
**WITH SEAL**

- **কে ভি আই সি'র নির্দিষ্ট মডেল বাই-ল এবং মেমোর‍্যান্ডাম অফ অ্যাসোসিয়েশন - ইচ্ছুক সংস্থা কে ভি আই সি'র ওয়েবসাইট থেকে ডাউনলোড করিতে পারেন (ডব্লু ডব্লু ডব্লু ডট কে ভি আই সি ডট ও আর জি ডট ইন)**

**শংসাপত্র প্রদান ঃ-** কে ভি আই সি সংস্থাকে কেবলমাত্র একটি শংসাপত্র দেবে যার বলে সংস্থাটির খাদি উৎপাদন ও বিক্রয় কার্য করিবেন।
**প্রয়োজনীয় ফি ঃ-** শংসাপত্রের জন্য দরখাস্তকারী সংস্থাকে সি ই ও, কে ভি আই সি'র

# খাদি সংস্থার শ্রেণীভুক্তকরণ

খাদি ও পলিবস্ত্র উৎপাদনকারী সংস্থাগুলির উৎকর্ষতার মান অনুযায়ী (A+, A, B, C এবং D) উহাদের নির্দিষ্ট শ্রেণিতে অন্তর্ভুক্ত করার পদ্ধতিকে বলা হয় **শ্রেণীভুক্তকরণ।** মান অনুযায়ী পঞ্চম স্তর বিশিষ্ট শ্রেণীগুলি নিম্নরূপঃ-

১। যে সকল সংস্থা খাদি ও পলিবস্ত্র উৎপাদন এবং বিক্রয় এর কাজ করেন ঃ-

| ক্রমিক নং | অর্জিত নম্বর | শ্রেণীভুক্ত |
|---|---|---|
| ১ | ১৫০ এবং অধিক | 'A' + |
| ২ | ১২০ থেকে ১৪৯ | 'A' |
| ৩ | ৯০ থেকে ১১৯ | 'B' |
| ৪ | ৫০ থেকে ৮৯ | 'C' |
| ৫ | ৫০ এর কম | 'D' |

২। যে সকল সংস্থা শুধুমাত্র খাদি ও পলিবস্ত্র মার্কেটিং -এর (বিক্রয়ের) সহিত যুক্ত ঃ

| ক্রমিক নং | অর্জিত নম্বর | শ্রেণীভুক্ত |
|---|---|---|
| ১ | ৭৫ এবং অধিক | 'A' + |
| ২ | ৬০ থেকে ৭৪ | 'A' |
| ৩ | ৪৫ থেকে ৫৯ | 'B' |
| ৪ | ২৫ থেকে ৪৪ | 'C' |
| ৫ | ২৫ এর কম | 'D' |

**শ্রেণীভুক্তির জন্য ২০টি শর্ত ব্যবহৃত হয়।** এই সকল শর্তাবলী প্রয়োগ করা হয় সেই সকল সংস্থার ক্ষেত্রে যাহারা খাদি ও পলিবস্ত্র সংক্রান্ত কার্যাবলীর শর্তাবলী পূরণ সাপেক্ষে উহাদের উৎপাদন ও বিক্রয়কার্য সম্পাদন করেন।

## শর্তাবলী (PARAMETERS)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| i) | Percentage of Working Capital spent on raw material | | | | |
| | a | Cotton, khadi | 25% & above of Production Target | 20 % & above but less than 25% | Below 20% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | b | Woolen khadi | 50% &. above of Production Target | 40 % & above but less than 50% | Below 40% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | c | Silk Khadi | 40% & above of Production Target | 35 % & above but less than 40% | Below 35% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | d | Polyvastra | 15% & above of Production Target | 10 % & above but less than 15% | Below 10% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | Average (a + b + c + d) | | 5 | 4 | 2 |
| ii) | Percentage of Working Capital spent on production | | | | |
| | a) | Cotton khadi | 40% & above of Production Target | 30 % & above but less than 40% | Below 30% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | b) | Woollen khadi | 60% & above of Production Target | 50 % & above but less than 60% | Below 50% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | c) | Silk Khadi | 40% & above of Production Target | 35 % & above but less than 40% | Below 35% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | d) | Polyvastra | 25% & above of Production Target | 20 % & above but less than 25% | Below 20% |
| | | Points to be awarded | 5 | 4 | 2 |
| | Average(a + b +c + d) | | 5 | 4 | 2 |
| | Targets vis-a-vis performance | | | | |
| | Performance | | 1 00% & above of target | More than 70% but less than 100% | Less than 70% |
| iii) | Production | | 5 | 4 | 2 |
| iv) | Sales | | 5 | 4 | 2 |
| | Artisans Passbooks with photographs | | | | |
| | | | Maintained & Updated for all artisans registered | – | Not maintained / Maintained but not updated |
| v) | Points to be awarded (Spinners) | | 15 | – | 0 |
| vi) | Points to be awarded (Weavers) | | 15 | – | 0 |
| | Equitable Mortgage of immovable properties standing in the name of the Institution | | | | |
| | | | All properties covered | Part of the properties covered | No properties covered |
| | Points to be awarded | | | 5 | 0 |
| viii) | Net worth of the institution | | | | |
| | | | Equal to loan amount | More than 50% of the loan amount | Less than 50% of the loan amount |
| ix) | Points to be awarded Profit /Loss | | 10 | 6 | 3 |
| | | | | Annual profit but accumulated loss | Accumulated loss |
| | Points to be awarded | | 10 | 5 | 0 |
| | Bank Finanace in relation to Interest Subsidy Eligibility Certificate | | | | |
| x) | 60% and above of ISEC | | | 40% & above but less than 60% | Less than 40% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| xi) | Closing stock | | | | |
| | | Less than production | 100% & above but less than 150 % | More than 150% | |
| | Points to a warded | 10 | 5 | 0 | |
| xii) | Increase in retail sales over previous year | | | | |
| | | More than 20% | More than 10% but less than 20% | Less than 10% | |
| | Points to a warded | 10 | 8 | 5 | |
| xiii) | Compliance with provision of quality marketing | | | | |
| | | In case of 100% compliance | In case of no compliance | | |
| | Points to a warded | 10 | 0 | | |
| xiv) | Compliance with quality improvement programme (QIP) | | | | |
| | | In case 4 samples are sent to the designated lab. of Textile Committee in a year | Incase 2 samples are sent to the designated lab. of Textile Committee in a year | In case No samples are sent to the designated lab. of Textile Committee in a year | |
| | Points to a warded | 10 | 5 | 0 | |
| xv) | Contribution to State level Artisans Welfare Trust Fund in respect of accumulation upto 31.3.2003 | | | | |
| | | If entire accumulations as on 31.3.2003 deposited | Up to 50% | Less than 50% | Nil |
| | Points to a warded | 15 | 7 | 2 | 0 |
| xvi) | Khadi Artisan Janshree Bima Yojna | | | | |
| | | More than 50% covered | Between 40% to 49% covered | Less than 40% | Nil |
| | Points to a warded | 15 | 10 | 2 | 0 |
| xvii) | Cotton/blended slivers purchased from the central sliver plant of the KVIC or its local godowns (applicable to cotton Khadi & Poly producing institutions only) | | | | |
| | | In case entire from CSP | In case up to 50% | In case less than | If no quantity purchased |
| | Points to a warded | 10 | 5 | 2 | 0 V |
| xviii) | Payment of wages to spinners | | | | |
| | | In case entire amount paid in cash | In case not paid in cash | | |
| | Points to a warded | 15 | 0 | | |
| xix) | Payment of wages to weavers | | | | |
| | | In case entire amount paid in cash | In case not paid in cash | | |
| | Points to a warded | 15 | 0 | | |
| xx) | Stamping of products | | | | |
| | | If all products are stamped | If all products are not stamped | | |
| | Grace marks to be awarded | 10 | 0 | | |

# খাদি ও পলিবস্ত্রের জন্য কস্ট চার্ট

উৎপাদিত কোন খাদি সামগ্রী ইচ্ছেমত দামে বিক্রয় করা যায় না। 'কে ভি আই সি' সময়ান্তরে দাম নির্ধারণকারী তালিকা প্রকাশ করে, উহাকে **কস্ট চার্ট** বলা হয়। অন্যকথায়, কস্ট চার্ট হল 'কে ভি আই সি' দ্বারা প্রস্তুত এবং প্রকাশিত **উৎপাদন খরচের হিসাবের তালিকা** যা সমস্ত নিবন্ধভুক্ত খাদি সংস্থা অবশ্যই অনুসরণ করিবে। ইহা নিম্নলিখিত খরচ গুলির ঃ-

১। কাঁচামালের দাম **+** ২। সূতো কাটা/বস্ত্রবয়নের খরচ **+** ৩। প্রক্রিয়া চলাকালীন বর্জিত পদার্থের দাম **+** ৪। কারিগরের খরচ ৫। কারিগর কল্যাণমূলক তহবিলে জমা **+** ৬। কারবারের অন্যান্য খরচ **+** ৭। অনুমোদিত লাভ

উদাহরণ হিসেবে সি এস পি হাজিপুরে প্রস্তুত রোভিং থেকে **এন এম সি-তে ৪০ $^{S}$** কাটা সূতোর উৎপাদন খরচ ]

| | |
|---|---|
| ১। প্রস্তুত রোভিং এর দাম (১ কেজি) | ১৭০.০০ টাকা |
| ২। সূতো কাটার সময় বর্জিত পদার্থ ২.৫ শতাংশ | ৪.২৫ টাকা |
| ৩। হাঙ্ক পিছু সূতো কাটার খরচ @৩ টাকা | ১২০.০০ টাকা |
| ৪। কল্যাণ কোষে জমা @ ১২ শতাংশ | ১৪.৪০ টাকা |
| ৫। উৎসাহভাতা @১০ শতাংশ | ১২.০০ টাকা |
| ৬। প্রতি হাঙ্ক পিছু অবচয় @১৫ পয়সা | ০৬.০০ টাকা |
| প্রতি হাঙ্ক পিছু উৎপাদন খরচ | ৩২৬.৬৫ টাকা |

**'র-খাদি' থেকে উহার 'ওয়েট প্রসেসিং' স্টেজে আসতে মোট উৎপাদন মূল্য নির্ধারণ করার জন্যই মূলত কষ্ট চার্ট ব্যবহৃত হয় এবং 'এম ডি এ' -র পরিমাণ নির্ধারণ করার জন্য ইহাকে অন্যতম ভিত্তি হিসাবে ধরা হয়।** তবে এই প্রসঙ্গে উল্লেখ থাকে যে খাদি পণ্যকে বাজার নির্ধারিত দামে বিক্রয় উপযোগী করার জন্য 'ভ্যালু অ্যাডিশন্' বাবদ খরচের উর্ধসীমার কোন গন্ডি নেই।

**বিঃদ্রঃ-**
- পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ নিজস্ব উৎপাদন কেন্দ্রে হাঙ্ক উৎপাদন করার জন্য কারিগরদের হাঙ্ক প্রতি উৎসাহ ভাতা হিসাবে ১ টাকা অতিরিক্ত প্রদান এবং এছাড়া বর্ষিক এক্স গ্র্যাসিয়া প্রদানও করে।
- **হাওড়ার উদয়নারায়ণপুরে পর্ষদের নিজস্ব বস্ত্র উৎপাদন কেন্দ্রে** নিম্নলিখিত রেট চার্ট অনুসরণ করা হয়ঃ-

| Sl No. | Description | Size | Dents Per Inch | Total Dents | Count | Rate of per sq/m | Total weaving | Kalyan kosh (12%) | Incentive (12%) | Payment to be made to weaver |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | N.M.C Than (W.B Weft) | 12x0.91 | 24 | 950 | 40 | Rs. 14.40 | Rs. 157.25 | Rs. 18.87 | Rs. 15.72 | Rs. 122.66 |
| 2 | N.M.C Than (W.B Weft) | 11x0.91 | 24 | 950 | 40 | Rs. 14.40 | Rs. 157.25 | Rs. 17.29 | Rs. 14.41 | Rs. 112.44 |
| 3 | N.M.C Than (W.B Weft) | 11x0.91 | 24 | 950 | 40 | Rs. 14.40 | Rs. 157.25 | Rs. 17.29 | Rs. 14.41 | Rs. 112.44 |
| 4 | N.M.C Than (W.B Weft) | 12x0.91 | 24 | 950 | 40 | Rs. 14.40 | Rs. 157.25 | Rs. 18.87 | Rs. 15.72 | Rs. 122.66 |

# বাজেট

খাদি কমিশন প্রতি বছর নিয়মিতভাবে বাজেট নির্দেশিকা প্রকাশ করে। এই নির্দেশিকাকে বাজেট আলোচনা এবং পর্যালোচনার ক্ষেত্রে **মৌলিক হাতিয়ার** হিসেবে ধরা হয়। বাজেট আলোচনাতে খাদি সংস্থাগুলির গত আর্থিক বছরের, চলতি আর্থিক বছরের কাজের অগ্রগতি এবং আগামী আর্থিক বছর তথা বাজেটবর্ষের 'কে ভি আই সি'/'কে ভি আই বি'-র কর্মসূচীর সার্থক রুপায়ন ও অগ্রগতি ইত্যাদি বিষয় প্রাধান্য পায়। খাদি কমিশন সিদ্ধান্ত নিয়েছে যে প্রচলিত পদ্ধতির সামান্য পরিবর্তন / পরিবর্ধন করে তা এমনভাবে হবে যা জাতীয় মন্ত্রীসভায় গৃহীত নীতির সঙ্গে সামঞ্জস্য বিধান করে। এটা এমনভাবে করা হয় যে কর্মসূচীর পরিকল্পনা ও রুপায়ন বাস্তবভিত্তিক এবং কার্যকরী হয়।

### ইক্যুইটেবল মর্টগেজ

কোন খাদি সংস্থার বাজেটে অংশগ্রহণ করার পূর্বশর্ত হোল — স্থায়ী সম্পত্তির ইক্যুইটেবল মর্টগেজ জমা দেওয়া। এটি বাধ্যতামূলক।

### লক্ষমাত্রা স্থিরীকরণ

বিগত তিন বছরের কর্মসূচী রুপায়নে কর্মসক্ষমতারর সর্বোচ্চমাত্রার উপর ২০ শতাংশ বৃদ্ধি ঘটিয়ে সাধারণত উৎপাদন ও খুচরো বিক্রির লক্ষমাত্রা স্থির করা হয়। যদিও নির্দেশিকা অনুসারে কোন কেন সংস্থার ক্ষেত্রে লক্ষমাত্রা ২০ শতাংশের অধিক বৃদ্ধিরও সংস্থান রয়েছে।

### উৎপাদন

প্রস্তাবিত উৎপাদনের লক্ষমাত্রাকে সংস্থায়-উপলব্ধ জনবল ও পরিকাঠামো/যন্ত্রপাতি ইত্যাদির নিরিখে করা হয়।

উপলব্ধ জনবল ও পরিকাঠামো/যন্ত্রপাতি যথা ঐতিহ্যবাহী চরখা, নিউ মডেল চরখা, বিভিন্ন ধরণের তাঁত ইত্যাদি এবং আদর্শ অবস্থায় কার্যকরী মূলধনের উপলব্ধতা প্রভৃতি বিষয়ক ফর্মুলা/মান বা নীতিকে "**থাম্ব রুল**" হিসেবে ধরা হয় এবং সংস্থাগুলির প্রকৃত অ্যানুয়াল প্ল্যান যার মধ্যে উল্লেখ থাকবে সংস্থাটি কিরূপে কে ভি আই সি / কে ভি আই বি দ্বারা অনুমোদিত লক্ষমাত্রায় বর্তমান পরিকাঠামো, অর্থ ও কারিগরদের সাহায্যে পৌঁছতে পারবে তার একটা **পথনির্দেশক** হিসেবে ধরা হয়। প্রতিটি সংস্থার অনুকূলে বাজেট অ্যালোকেশন কার্য সম্পন্ন করার পর সংস্থাটির বিস্তারিত বিবরণসহ পর্ষদ/কমিশন তালিকা প্রস্তুত করিবে (উৎপাদন, খুচরা ও পাইকারী বিক্রয় ইত্যাদি বিষয়ে)

যখন উৎপাদনের লক্ষমাত্রার অনুমোদন দেওয়া হয় তখন উপরোক্ত বিষয়গুলি সংস্থার সঙ্গে অবাধ ও বিশদভাবে আলোচনা সাপেক্ষে তা করা হয়। আলোচনার সময়

তৃণমূলস্তরে কর্মের প্রকৃত অবস্থা তথা উপলব্ধ পরিকাঠামোর সহিত লক্ষমাত্রার মঞ্জুরি দানের **যৌক্তিকতা থাকা আবশ্যক**। কোন সংস্থা যদি নতুন কোন প্রকল্পের বাস্তবায়ন ও রুপায়ন করে যথা - প্রদীপ/আর টি ইউ/স্ফূর্তি- তাহলে সেই সংস্থার ক্ষেত্রে উচ্চতর লক্ষমাত্রা বিবেচনা করা হয়।

**খুচরো বিক্রয় ঃ-**

খুচরো বিক্রয়ের অনুমোদন সংস্থাটির উপলব্ধ **বিক্রয়ভাণ্ডারের সংখ্যার** উপর নির্ভরশীল।

বিক্রয়ভাণ্ডারের সংখ্যা কমা/বাড়ার সঙ্গে খুচরো বিক্রয়ের অনুমোদনে বিক্রয় পরিমাণের লক্ষমাত্রা কমা / বাড়া নির্ভর করে।

**পাইকারি বিক্রয় ঃ-**

যখন পাইকারি বিক্রয়ের বাজেট অনুমোদন দেওয়া হয় তখন একটি সূত্রকে সামনে রেখে তা করা হয়।সূত্রটি হল ঃ-

**পাইকারি বিক্রয়** = (ওপেনিং স্টক + ক্রয় + উৎপাদন )-(খুচরো বিক্রয় + ক্লোজিং স্টক)

**কার্যকরী মূলধনের গ্রস এবং নেট যোগ্যতা নির্ণয়।**

**<u>নিম্নলিখিত সূত্রের সাহায্যে উহার গণনা করা হয় ঃ-</u>**

**গ্রস যোগ্যতা** = অনুমোদিত লক্ষমাত্র (মূল্য) × প্যাটার্ন অনুযায়ী সহযোগিতা

নেট যোগ্যতা = গ্রস যোগ্যতা - উপলব্ধ কার্যকরী মূলধন (কে ভি আই সি / সি বি সি / ব্যাঙ্ক ফাইন্যান্স / নিজস্ব তহবিল)।

এছাড়া অনুমোদিত সহায়তার প্যাটার্ন অনুযায়ী সহায়তার "ঋণ ইকুইটি অনুপাত" -এর উপর ভিত্তি করে হয় (১০:১)

**বাজেট রেকর্ড নোট ঃ-** গত বছরের আলোচনায় উত্থাপিত বিষয়গুলি সংস্থার ক্ষেত্রে কিভাবে মান্যতা পেয়েছে তার সংক্ষিপ্ত লিবিপদ্ধ বিষয়কে '**রেকর্ড নোট**' বলা হয়।

কাঁচামাল ইত্যাদি সংস্থাটির অনুমোদিত বাজেটে উল্লিখিত উৎপাদনের সহিত সামঞ্জস্য থাকছে কিনা, তা বাজেট আলোচনায় দেখা হয়।

# বাজেট আলোচনায় অংশগ্রহণ এবং বাজেট অনুমোদনের জন্য সংস্থাগুলি কোন কোন কাগজপত্রাদি ও তথ্যাবলী জমা দেবে

নিম্নলিখিতগুলির **ফটোকপি** জমা দেবেন ঃ-

১। নিবন্ধনের (ইস্যুর তারিখ আছে এমন) সার্টিফিকেট তার সঙ্গে সর্বশেষ পুনর্নবিকরণ (আসলটি দেখাইতে হইবে) যুক্ত শংসাপত্র।

২। পূনর্নবিকৃত (সাম্প্রতিক কাল অবধি) খাদি সার্টিফিকেট (আসলটি দেখাইতে হইবে)

৩। ইক্যুইটেবল মর্টগেজ / সিম্পল মর্টগেজ এবং দায়বন্ধন বিবরণযুক্ত দলিল (পর্ষদ বা ব্যাঙ্কের নিকট)।

৪। "জনশ্রী বীমা যোজনা" - ভুক্ত শিল্পীদের সংখ্যা ও তাদের নামের তালিকা এবং মোট বীমাকৃত অর্থের বিবরণ।

৫। গত বছরের বাজেট আলোচনায় 'রেকর্ড নোট' - এর বিষয়ে গৃহীত ব্যবস্থাদির বিবরণ।

৬। ক্রয়ের বিবরণ (কাঁচামাল ও আর্থিক পণ্য)।

৭। নির্ধারিত ফর্মে তিন কপি বাজেট প্রস্তাব।

৮। ক। সোসাইটির বাজেট প্রস্তাব অনুমোদন বিষয়ক নির্বাহী কমিটির সিদ্ধান্ত পর্ষদে জমা দিতে হবে।

খ। নির্বাহী কমিটির সেক্রেটারি ও অন্যান্য সদস্যদের বাজেট আলোচনায় অংশগ্রহণ করার ঘোষণাপত্র সহ সিদ্ধান্ত।

৯। গত তিন বছরের ব্যালেন্সসীটের কপি।

১০। নিবন্ধিত এবং জড়িত শিল্পীদের তালিকা (উইভার, রিলার, টার্নার, স্পিনার)

১১। নিবন্ধিত এবং জড়িত তাঁত, ঘাই, চরখা ইত্যাদির তালিকা।

১২। শ্রেণীবদ্ধকরণের শংসাপত্রের কপি।

১৩। কে ভি আই সি -এর ফরম্যাট অনুযায়ী বার্ষিক প্রোগ্রেস রিপোর্ট

# আইসেক কি (ইন্টারেষ্ট সাবসিডি স্কিম) কি?

একটি বোধগম্য প্রতিষ্ঠানিক অর্থায়নের জন্য 'সুদ ভর্তুকি প্রকল্প' ভারত সরকার অনুমোদন দিয়েছেন, একেই সংক্ষেপে বলা হয় **আইসেক।**

**ভতুর্কির পরিমাণ**

ব্যঙ্ক ঋণের উপর ব্যঙ্ক কর্তৃক ধার্য সুদের হার থেকে সংস্থাকে বহন করা ৪% (চার) সুদের হার বাদ দিলে যা দাঁড়ায়, সেটাই হল সুদ ভর্তুকির শতাংশের পরিমাণ [ ধরা যাক কোন ব্যাঙ্ক ১২ শতাংশ সুদ ধার্য করেছে, তাহলে, আইসেক নিয়ম অনুযায়ী সুদ ভর্তুকির পরিমাণ হবে (১২-৪)%=৮%]

সুদ ভর্তুকি প্রকল্পটি কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে গৃহীত নিম্নলিখিত সংস্থা দ্বারা গৃহিত ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবেঃ

১। **একটি নিবন্ধিত প্রতিষ্ঠান ঃ** একটি নিবন্ধিত প্রতিষ্ঠান বলতে তা সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুযায়ী নিবন্ধিত একটি প্রতিষ্ঠান (১৮৬০ সালে ২১ নং ধারা) কে বোঝায়।

২। **একটি কো-অপারেটিভ সোসাইটিঃ** একটি সমবায় সমিতি কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট ১৯১২ অধীনে রেজিস্টভুক্ত (১৯১২ এর ২) কোন সংস্থা।

৩। **একটি ট্রাস্ট ঃ** ধর্মীয় প্রকৃতির অথবা জনসাধারণের জন্য কোন দাতব্য প্রতিষ্ঠান।

৪। পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ দ্বারা উত্থাপিত কোন মূলধনী ব্যয়ের জন্য ঋণ এবং কার্যকরী মূলধন -এর টাকা ঋণ হিসেবে প্রদান করা হইলে।

৫। নিবন্ধিত কোন খাদি প্রতিষ্ঠান দ্বারা উত্থাপিত কোন ঋণ যাহা তাহার মূলধনী বিনিয়োগ এবং কার্যকরী বিনিয়োগের প্রয়োজন মেটায়।

**রুপায়ণ ঃ**

১। সুদ ভর্তুকি পাবার যোগত্যসূচক কোন শংসাপত্র যা খাদি কমিশন/খাদি পর্ষদ কর্তৃক ইস্যু হওয়া দরকার।

২। উপরোক্ত ঐ শংসাপত্র বলে কোন সংস্থা / প্রতিষ্ঠান ঋণ বিষয়ে কোন আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে প্রয়োজনীয় অর্থ সাহায্যের বিষয়ে আলোচনা করিতে/ঋণ গ্রহণ করিতে পারেন।

৩। ঋণদানকারী সংস্থাকে সংশ্লিষ্ট সোসাইটির সপক্ষে পর্ষদ/কমিশন সুপারিশ পাঠাবেন।

# আইসেক অনুযায়ী নীট যোগ্যতার গণনা

**উদাহরণ ঃ**

ধরা যাক একটি নির্দিষ্ট অর্থবর্ষে কোন সোসাইটির অনুমোদিত লক্ষমাত্রা ছিল নিম্নরূপ

| সূতো (লাখ টাকার হিসেবে) | রেশম (লাখ টাকার হিসেবে) |
|---|---|
| সূতো উৎপাদন - ৪২,০০,০০০/- (ক) | রেশম উৎপাদন - ৯০,০০,০০০/- (ক$_{১}$) |
| খুচরো বিক্রয় - ২৫,০০,০০০/- (খ) | খুচরো বিক্রয় - ৬০,০০,০০০/- (খ$_{১}$) |
| পাইকারি বিক্রয় - ২০,০০,০০০/- (গ) | পাইকারি বিক্রয় - ৪০,০০,০০০/- (গ$_{১}$) |
| গৃহীত ব্যাঙ্ক ঋণ - শূন্য (ঋ) | গৃহীত ব্যাঙ্ক ঋণ - শূন্য (ঋ$_{১}$) |
| ব্যাঙ্ক ঋণের গ্রস যোগ্যতা ঃ | ব্যাঙ্ক ঋণের গ্রস যোগ্যতা ঃ |
| ৭৩% × (ক) | ৮৮% × (ক$_{১}$) |
| ৭৩% × ৪২,০০০ = ৩০,৬৬,০০০ | ৯০,০০০ × ৭৩% = ৭৯,২০,০০০ |
| (+) ২৫% × (খ + গ) | (+) ২৫% × (খ$_{১}$ + গ$_{১}$) |
| = ২৫% × ৪৫,০০০ = ১১,২৫,০০০ | = ১০,০০০ × ২৫% = ২৫,০০,০০০ |
| (+) ৪০% × (খ) | (+) ৪০% × (খ$_{১}$) |
| = ৪০% × ২৫,০০০ = ১০,০০,০০০ | = ৬০,০০০ × ৪০% = ২৪,০০,০০০ |
| অতএব, গ্রস যোগ্যতা (প) = ৫১,৯১,০০০ | অতএব, গ্রস যোগ্যতা (প$_{১}$) = ১,২৮,২০,০০০ |
| ধরা যাক, ঐ সংস্থার উপলব্ধ ফান্ড = (ফ) | ধরা যাক, ঐ সংস্থার উপলব্ধ ফান্ড = (ফ$_{১}$) |
| তাহলে, নীট যোগ্যতা | তাহলে, নীট যোগ্যতা |
| = (প) - (ফ) + (ঋ) | = (প$_{১}$) - (ফ$_{১}$) + (ঋ$_{১}$) |
| = ৫১,৯১,০০০ - (ফ) + ০ | = ৫১,৯১,০০০ - (ফ$_{১}$) + ০ |
| = ৫১,৯১,০০০ - ফ | = ৫১,৯১,০০০ - (ফ$_{১}$) |

অতএব,

সংস্থাটির **মোট আইসেক পাওয়ার যোগ্যতা ঃ**

= [{৫১,৯১,০০০ - (ফ) + {১,২৮,২০,২২২ - (ফ$_{১}$)}]

# মার্কেট ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্স

দীর্ঘদিনের চলতে থাকা রিবেট প্রকল্পের প্রতিস্থাপন হলো **'এম ডি এ'** স্কিম। (বিপণন উন্নয়ন সহায়তা প্রকল্প)

**'এম ডি এ' কি**

কোন সার্টিফায়েড সংস্থা দ্বারা উৎপাদিত খাদি ও পলিবস্ত্রের উৎপাদন খরচের ওপর প্রস্তাবিত একটি সহায়তা দান হোল **এম ডি এ।** বৈধ খাদি সার্টিফিকেটধারী এবং A+, A, B এবং C শ্রেণীভুক্ত সংস্থাগুলিই শুধুমাত্র এই সুবিধা পাওয়ার যোগ্য। (প্রতিষ্ঠান কর্তৃক পেশ করা তথ্যের উপর ত্রৈমাসিক ভিত্তিতে সহায়তা প্রদান করা হবে) ইহাকে বিপণন **উন্নয়ন সহায়তা প্রকল্পও** বলা যায়।

**ক। এম ডি এ'র হার**

খাদি (তুলো, রেশম, পশম) এবং পলিবস্ত্র উৎপাদন (খাদি কমিশনের/পর্ষদের এস এফ সি দ্বারা অনুমোদিত লক্ষমাত্রা অবধি) খরচের **২০ শতাংশ** কে ভি আই সি বহন করবে।

**মৌলিক (প্রাইম) খরচ** বলতে বোঝায়ঃ- কাঁচামালের খরচ, রূপান্তরের খরচ (আপ টু ধূসর কাপড়), প্রক্রিয়াকরণের খরচ। এখানে মনে রাখা দরকার, বাণিজ্য খরচ (৩%), ব্যাঙ্ক সুদ (৪%), বীমা (১%) ইত্যাদি মৌলিক খরচের হিসেবে ধরা হয় না।

**খ।** ১। কে ভি আই সি/কে ভি আই বি দ্বারা অনুমোদিত উৎপাদনের লক্ষমাত্রা অনুযায়ী একটি নির্দিষ্ট আর্থিক বছরের জন্য **১০% খাদি পর্ষদ** বহন করবে।

এবং

২। উক্ত ১০ শতাংশের (পর্ষদের দায়ভাগ) আবার **৫ শতাংশ শিল্পীদের** কল্যাণমূলক কাজে ব্যবহৃত হবে এবং উক্ত টাকা ব্যাঙ্ক মারফৎ শিল্পীদের অ্যাকাউন্টে জমা পড়বে।

এবং

৩। বাকী **৫ শতাংশ সংশ্লিষ্ট সংস্থাটির** নামে ব্যাঙ্ক মারফৎ জমা হবে।

**উৎপাদনের সংজ্ঞা ঃ**

**খাদি উৎপাদন** একটি মিশ্র কার্যকলাপ যাহা কাঁচামাল, কাটনা, বয়ন এবং নিবন্ধিত স্পিনার তথা কাটুনি/রিলার এবং তাঁতির মজুরি/রুপান্তর চার্জ/সামাজিক নিরাপত্তা ব্যবস্থা, ওয়েট প্রসেসিং (ব্লিচিং, ডাইয়িং, ছাপা, ফিনিসিং ইত্যাদির সমষ্টি) ইত্যাদি খরচের সমষ্টি। কিন্তু খাদি কাপড় থেকে পরিধান করার জন্য প্রস্তুত অথবা ব্যবহার উপযোগী করার খরচ **উৎপাদন ব্যয় হিসেবে ধরা হবে না।**

# কাটুনি এবং তাঁতিদের 'এম ডি এ' - এর প্রাপ্য অংশের গণনা

**"এম ডি এ"** -এর পথনির্দেশিকা অনুযায়ী প্রাপ্য "এম ডি এ"-র যে অংশটি কাটুনি ও তাঁতিদের জন্য ব্যয় করা হবে যা তাদের সাধারণ মজুরি হিসেবে প্রাপ্যের অতিরিক্ত এবং ইনসেন্টিভ অথবা বোনাস হিসেবে প্রদেত্ত, **এরূপ অতিরিক্ত মজুরি খাদি অথবা পলিবস্ত্রের উৎপাদন মূল্যের অন্তর্ভূক্ত হবে না।**

নিম্নলিখিত উপায়ে এম ডি এ -এর ঐ অংশটি ইনসেন্টিভ বোনাস হিসেবে ব্যবহার করা যেতে পারে ঃ-

| | |
|---|---|
| <u>উদাহরণ</u><br>**উৎপাদন** **১ লাখ টাকা**<br>• ১০ শতাংশ হারে প্রাপ্য এম ডি এ'-এর পরিমাণ ঃ ০.১০ লাখ<br>• খাদি সংস্থার দ্বারা ৫ শতাংশ হারে ব্যবহৃত অর্থ ঃ ০.০৫ লাখ<br>• কাটুনি এবং তাঁতিদের জন্য ব্যবহৃত অর্থ<br><br>**<u>কাটুনি ও তাঁতিদের জন্য মূল মজুরি</u>**<br>উৎপাদিত হাঙ্ক × হাঙ্ক প্রতি খরচ = কাটুনির ক্ষেত্রে এবং মিটারে বস্ত্র উৎপাদন × মিটার পিছু রেট = তাঁতিদের ক্ষেত্রে (কস্ট চার্টে উল্লেখিত ১০ শতাংশ ইনসেন্টিভ এবং ১২ শতাংশ 'এ ডব্লু এফ টি' এর অন্তর্ভুক্ত হবে না) | **মোট প্রদত্ত মজুরি**<br>কাটুনি ঃ ১০,০০০ টাকা<br>তাঁতি ঃ ১৪,০০০ টাকা<br>মোট ঃ ২৪,০০০ টাকা<br><br>কাটুনি ও তাঁতিদের জন্য প্রদেও অতিরিক্ত ইনসেন্টিভ গণনার জন্য **সাধারণ উৎপাদক নির্ণয় ঃ**<br>= প্রাপ্য এম ডি এ / প্রকৃত জমুরি = ৫০০ / ২৪০০০ = ০.২০৮<br>সুতরাং, সাধারণ উৎপাদক = ০.২০৮<br><br>অতএব, স্পিনারগণের প্রাপ্য ইনসেন্টিভ<br>= ১০০০০ × ০.২০৮ গু ২০৮০ টাকা<br>তাঁতিদের প্রাপ্য ইনসেন্টিভ<br>= ১৪০০০ × ০.২০৮ = ২৯১২ টাকা<br>মোট = ২০৮০ টাকা + ২৯১২ টাকা<br>= ৪৯৯২ টাকা |

<u>বিঃদ্রঃ-</u>

১। এম ডি এ থেকে প্রাপ্য টাকার **৫০ শতাংশ (এ ক্ষেত্রে ৫০০০ টাকা)** সংস্থাটির জন্য নিম্নলিখিত ক্ষেত্রে ব্যয় করা যাবে ঃ ক। ইমপ্লিমেন্টস এবং ক্যাপাসিটি বিল্ডিং এর জন্য ১০ শতাংশ, খ। ট্রেনিং ও স্কিল ডেভেলপমেন্ট - ১০ শতাংশ, গ। ঘর বাড়ি সংস্কার ও আধুনিকীকরণের জন্য - ১০ শতাংশ, ঘ। ক্রেতাকে ছাড়ের জন্য - ১০ শতাংশ, ঙ। স্টাফদের ইনসেন্টিভ প্রদান - ১০ শতাংশ।

২। খাদি পর্ষদ কর্তৃক 'এম ডি এ' -এর ভেরিফিকেশন রিপোর্ট সম্পর্কিত ফরম্যাটটি পূর্ণ এবং যথাস্থানে স্বাক্ষরসহ সংশ্লিষ্ট আধিকারিক জেলা আধিকারিকের মাধ্যমে ফাইন্যাল সেটেলমেন্টের পূর্বে তা পর্ষদের প্রধান কার্যালয়ে জমা দেবেন। তারপর ফাইন্যাল সেটেলমেন্টটি গ্রহণযোগ্য হলে তা **অনুমোদিত** হবে। এরপর অনুমোদন পাওয়া গেলে অর্থ প্রদানের জন্য পর্ষদ যথা সময়ে উপযুক্ত ব্যবস্থা নেবে।

# প্রদীপ

**পণ্য উন্নয়ণ, নকশা হস্তক্ষেপ এবং প্যাকেজিং**

[(প্রডাক্ট ডেভেলপমেন্ট, ডিজাইন ইন্টারভেনশন এন্ড প্যাকেজিং (প্রদীপ)]

**প্রকল্প ঃ** খাদি কমিশন 'পণ্য উন্নয়ন, নকশা হস্তক্ষেপ এবং প্যাকেজিং' -এর জন্য নভেম্বর ২০০২ থেকে প্রকল্পটির বাস্তবায়ন করে চলেছে। কমিশন 'প্রকল্প পদ্ধতি' অনুযায়ী প্রকল্পটি রুপায়িত করে চলেছে। এই কার্যক্রমে কোন কার্যকলাপকে পৃথক প্রকল্প হিসেবে অনুমোদন দেওয়া হয়।

**যোগ্যতা ঃ**

১। খাদি কমিশন ও রাজ্য খাদি পর্ষদের শংসাপত্র/সাহায্যপ্রাপ্ত সংস্থা যাহা A+, A, B এবং C শ্রেণীভুক্ত।

২। খাদি কমিশন/খাদি পর্ষদের নিবন্ধিত 'আর ই জি পি'-র সেই সকল ইউনিট যাহাদের মার্জিন মানি ইতিমধ্যেই অ্যাডজাস্ট হয়েছে।

৩। খাদি কমিশন/খাদি পর্ষদের বিভাগীয় উৎপাদন কেন্দ্র/মার্কেটিং ইউনিট ইত্যাদি।

৪। যে সমস্ত সরকারি সংস্থা বাণিজ্যিক উৎপাদন-কাজে নিয়োজিত যেমন, কারিগরি সংস্থা, ইঞ্জিনিয়ারিং কলেজ, গবেষণাকারী সংস্থা ইত্যাদি যাহারা খাদি ও গ্রামীণ শিল্প সংস্থাকে বাণিজ্যিক উৎপাদনের কাজে তাদের সৃষ্টিমূলক কাজ সহ সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে।

## প্রথাগত শিল্পের পুনর্জন্মের জন্য তহবিল প্রকল্প
## (স্কিম ফর ফান্ড ফর রি-জেনারেশন অফ ট্রাডিশনাল ইন্ডাস্ট্রিজ)

ভারতবর্ষে **প্রথাগত শিল্পের** একটি সমৃদ্ধ ঐতিহ্য আছে। প্রথাগত শিল্প থেকে পরিবেশ- বান্ধব পণ্য উৎপাদনের ও বিদেশে রপ্তানির বিশেষ সম্ভাবনা যেমন আছে তেমনই আবার এর মাধ্যমে গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টির সুযোগও আছে। প্রথাগত শিল্পকে আরও উৎপাদনশীল, টেকসই এবং প্রতিযোগীতামূলক করার উদ্দেশ্যে ভারত সরকার একটি তহবিল সৃষ্টির ঘোষণা করেছেন। এটাকেই সংক্ষেপে বলা হয় "**স্ফূর্তি**"।

## প্রথাগত শিল্পের সংজ্ঞা এবং প্রথাগত শিল্পের পুনর্জন্ম (স্ফূর্তি)

১। বিস্তৃতভাবে **প্রথাগত শিল্প** বলতে বোঝায় স্থানীয় পর্যায়ে প্রাপ্ত কাঁচামাল, দক্ষতা এবং দেশীয় কারিগরি ব্যবহার করে বাজারজাত করার উপযোগী কোন দ্রব্য উৎপাদনকারী কার্যাবলীকে বোঝায়।

**২। প্রথাগত গুচ্ছশিল্প (ক্লাস্টার)**

এই জাতীয় প্রকল্প বলতে বোঝায় কোন একটি ভৌগলির্ক অঞ্চল যেখানে কম বেশী **৫০০ জন কারিগর** / ছোট উদ্যোগী, কাঁচামাল সরবরাহকারী, ব্যবসায়ী, পরিসেবা প্রদানকারী ইত্যাদি যদি এক অথবা দুইটি রাজস্ব বিভাগে (সাবডিভিশনাল) যা একটি অথবা একাধিক সংলগ্ন জেলাতে অবস্থিত হয় তখন ওই জাতীয় শিল্পকে **গুচ্ছ শিল্প** বলে।

**প্রকল্পের উদ্দেশ্য**

নিম্নলিখিতগুলিই হোল প্রকল্পের প্রধান **উদ্দেশ্য** ঃ-

ক। ২০০৫-০৬ থেকে শুরু করে প্রতি পাঁচ বছরে দেশের বিভিন্ন অঞ্চলে প্রথাগত শিল্পের ক্লাস্টার গঠন।

খ। উদ্যোগীগনের স্থায়ী কর্মসংস্থানের নিশ্চয়তা প্রদান।

গ। দেশের বিভিন্ন স্থানে ক্লাস্টারের উন্নয়ণ

ঘ। প্রথাগত শিল্পকে আরো প্রতিযোগীমূলক উৎপাদনশীল, লাভজনক এবং কর্মসংস্থামুখী করে তোলা।

ঙ। প্রথাগত দক্ষতাকে সৃষ্টিমুখী করে তোলা।

**হস্তক্ষেপ ঃ-**

১। প্রথাগত চরখা ও তাঁতের বদলি।

২। সি এফ সি নির্মাণ।

৩। এক্সপোজার ভ্রমণের আয়োজন করা ইত্যাদি।

**অর্থপ্রদান ঃ-**

প্রকল্পের জন্য অর্থ সরাসরি **নোডাল এজেন্সি (খাদি কমিশন)** মারফৎ দেওয়া হবে। এটা নির্ভর করবে প্রকল্পের অগ্রগতির মূল্যায়ণ সম্পর্কিত প্রদেয় ইউ সি প্রদান সাপেক্ষে।

## ওয়ার্কশেড প্রকল্প

**প্রকল্প ঃ** ওয়ার্কশেড প্রকল্প হোল খাদি শিল্পীদের জন্য একটি প্রকল্প (ডবলু এস কে এ)। খাদির সঙ্গে যুক্ত কাটুনি এবং তাঁতিদের অবস্থার উন্নয়ণের লক্ষে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে পরীক্ষামূলকভাবে **ওয়ার্কশেড নির্মাণই** এই প্রকল্পের লক্ষ।

**উদ্দেশ্য ঃ**

- দক্ষতার সঙ্গে কাটুনি এবং বয়ন কাজে যুক্ত শিল্পীদেরকে কাজ করার উদ্দেশ্যে ভালো কর্মস্থানের সংস্থানের মাধ্যমে উন্নততর কর্মের পরিবেশ প্রদান।
- কাঁচামাল রাখবার যথেষ্ট জায়গা, কর্মস্থানের জন্য যথেষ্ট জায়গার মাধ্যমে স্লাইভার রাখার নিরাপদ জায়গা ও অন্যান্য আনুসাঙ্গিক এবং ডার্বি, জ্যাকওয়ার্ড থেকে উৎপন্ন সূতো সংরক্ষণের জন্য উপযুক্ত স্থানের সংস্থান করা।
- স্পিনারদের দক্ষতা ও উৎপাদনশীলতা উন্নত করবার জন্য বৈদ্যুতিক সংযোগ এবং আলোর ব্যবস্থা উপলব্ধ করা।

## খাদি সংস্কার ও উন্নয়ণ কর্মসূচী
## (খাদি রিফর্ম এন্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম- কে আর ডি পি)

**প্রকল্প ঃ** খাদি ও গ্রামীণ শিল্প (পলিবস্ত্র) প্রকল্পকে সামাজিক অঙ্গীকারপূর্ণ করার লক্ষে এবং প্রকল্প বাস্তবায়নের জন্য পাহাড়, সীমান্ত এলাকায় এবং বাম উগ্র কার্যকলাপ পীড়িত এলাকায় যে সমস্ত খাদি সংস্থা কাজ করছে অথবা ওই সমস্ত এলাকায় কাজ করতে আগ্রহী তাদেরকে "কে আর ডি পি" প্রকল্পের অধীনে অর্থ সাহায্যের সংস্থান আছে (খাদি কমিশনের ২৮-০১-২০১৪ তারিখে অনুষ্ঠিত ৬২১ তম মিটিং-এর সিধান্ত মোতাবেক)।

**প্যাটার্ন ঃ** পার্বত্য এলাকায়, সীমান্ত এলাকায় ও বাম চরমপন্থী দ্বারা আক্রান্ত এলাকাগুলোতে আগ্রহী উপযুক্ত খাদি সংস্থাগুলির প্রয়োজন ভিত্তিক প্রস্তাব (নির্দিষ্ট সীমার মধ্যে নির্দিষ্ট আর্থিক সহায়তার প্যাটার্ন অনুযায়ী বিবেচিত হবে।)

**দেশের রাষ্ট্রপতি মাননীয় শ্রী প্রণব মুখার্জ্জী দিল্লির প্লেনারি হলে অনুষ্ঠিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে "খাদি মার্ক" ও "লোগো" জাতির উদ্দেশ্যে শুভ সূচনা করেন।**

**খাদি মার্ক ঃ** খাদি দ্রব্য উৎপাদনকারী সংস্থার ক্ষেত্রে **"খাদি মার্ক"** -এর শংসাপত্র প্রাপ্তি বাধ্যতামূলক করা হয়েছে এবং এটি বিশুদ্ধতার এক প্রতীক হিসেবে গণ্য হইবে। যে সমস্ত খাদি উৎপাদনকারী সংস্থা "খাদি মার্ক" শংসাপত্র প্রাপ্ত হয়েছেন কেবলমাত্র তারাই সরকারি সাপ্লাই -এর জন্য বিবেচিত হবেন।

# খাদি মার্ক পাবার নিয়মাবলী

কে ভি আইসি/কে ভি আইব -র রেজিস্টকৃত এবং উপ্যুক্ত পরিকাঠামো আছে এমন ইচ্ছুক সংস্থা নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট রাজ্য/বিভাগীয় কার্যালয়ের তালিকাভুক্তির জন্য আবেদন করিতে পারেন (নিচে বিসদে দেওয়া হোল)।

## আর সি ও নন আর সি পণ্য সরবরাহ করবার জন্য নতুন সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র

১। সংস্থার নাম ও ঠিকানা ঃ-

২। ক) রেজিস্ট্রেশন নম্বর ঃ-

খ) খাদি শংসাপত্র / মার্ক নং কার্যকরী মেয়াদ পর্যন্ত
(প্রত্যায়িত কপি সংযুক্ত করা হইল) ঃ-

৩। সরাসরি সাহায্যপ্রাপ্ত / পর্ষদের সাহায্যপ্রাপ্ত ঃ-

৪। কোন তারিখ থেকে খাদি কর্মসূচী রূপায়িত হচ্ছে ঃ-

৫। দফা-ওয়ারী উৎপাদন ক্ষমতা ঃ-

৬। কোন কোন সামগ্রী সরবরাহ করতে আগ্রহী ঃ-

৭। প্রতি মাসে (দফা - ওয়ারী) যে পরিমাণ সরবরাহ করতে সক্ষম ঃ-

৮। এত দ্বারা ঘোষণা করিতেছি যে খাদি শংসাপত্রের নিয়মানুসারে এবং নমুনা অনুযায়ী দ্রব্যাদি সরবরাহ করিব, অন্যথায় আমরা এককভাবেদায়ী থাকিব এবং কে ভি আই সি / ডি জি এস এন্ড ডি দ্বারা ধার্য যে কোন জরিমানা দিতে বাধ্য থাকিব।

সম্পাদকের স্বাক্ষর / সংস্থার দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি<br>
তথ্যসহ তালিকাভুক্তির নানা বিষয়ক চেকলিস্ট, এবং<br>
বাস্তব তদন্ত প্রতিবেদনটি তালিকাভুক্তির জন্য সুপারিশ করা হইল।<br>
<br>
(রাজ্য / বিভাগীয় ডাইরেক্টর) খাদি ও গ্রামীণ শিল্প কমিশন

# সংস্থা সম্পর্কিত সম্পূর্ণ তথ্য

**বিভাগ - ক সংস্থা সম্পর্কে ঃ**

১। রেজিস্ট্রেশন নম্বর ঃ

২। খাদি শংসাপত্রের নম্বর এবং কোন তারিখ অবধি মেয়াদ ঃ-

৩। পলিবস্ত্র শংসাপত্র নং এবং কোন তারিখ অবধি মেয়াদ ঃ-

৪। সভাপতির নাম ঃ-

৫। সম্পাদকের নাম ঃ-

৬। ক্যাটাগরি

(টিক চিহ্ন দিন) A+ A B C D

৭। 'খাদি মার্ক' শংসাপত্র ঃ-

(যথাযথ চিহ্ন দিন) হ্যাঁ না

৮। কে ভি আই সি কার্যাবলীর সহিত কোন তারিখ থেকে যুক্ত ঃ-

**বিঃদ্রঃ** প্রত্যায়িত শংসাপত্রের কপি উপরোক্ত ১।, ২।, ৩। এবং ৭। এর সপক্ষে শংসাপত্র / চিঠি সংযুক্ত হইল।

**বিভাগ - খ উৎপাদন সম্পর্কে**

ক।উৎপাদন কেন্দ্রের অবস্থান

১। ____________________

২। ____________________

৩। ____________________

৪। ____________________

**উৎপাদনের পরিকাঠামো ঃ**

| ক্রমিক নং | উৎপাদনের স্থান | যে যে যন্ত্রপাতি প্রাপ্তিসাধ্য | | তথ্য অনুযায়ী কারিগরের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | কাটুনি | বয়নকারী | কাটুনি | বয়নকারী |
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |

খ। বার্ষিক মোট উৎপাদনের পরিমাণ মিটার।

মূল্য লাখে।

গ। বর্তমানে ৪টি প্রধান উৎপন্ন দ্রব্যাদির নাম (৪টি প্রধান আইটেম)

| ক্রমিক নং | সামগ্রীর নাম | মিটার | লাখ টাকায় |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |
| ৪ | | | |
| ৫ | অন্যান্য | | |
| | **মোট** | | |

ঘ। সরকারি ক্ষেত্রে আগ্রহী সাপ্লাই আইটেম

| ক্রমিক নং | সামগ্রীর নাম | মিটার | লাখ টাকায় |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |
| ৪ | | | |
| | **মোট** | | |

(লাখ টাকায়)

ঙ। উৎপাদনের লক্ষমাত্রা ঃ-

গত বছর ঃ-

চলতি বছর ঃ-

চ। প্রকৃত প্রগতি ঃ-

গত বছর ঃ-

চলতি বছর (অদ্যাবধি) ঃ-

ছ। সংগৃহীত কাঁচামাল ঃ-

গত বছর ঃ-

চলতি বছর (অদ্যাবধি) ঃ-

জ। সি এস পি থেকে সংগৃহীত কাঁচামাল ঃ-

গত বছর ঃ-

চলতি বছর (অদ্যাবধি) ঃ-

ঝ। খোলা বাজার থেকে সংগৃহীত কাঁচামাল ঃ-

গত বছর ঃ-

চলতি বছর ঃ-

সিলসহ সম্পাদকের স্বাক্ষর

যে সমস্ত খাদি সংস্থা ডাইরেক্টরেট অফ মার্কেটিং / গভর্নমেন্ট সাপ্লাই -এ 'আর সি' এবং 'নন - আর সি' আইটেম যোগান দেবার জন্য নথিভুক্ত করাতে চান তারা বার্ষিক প্রোডাক্ট পিছু অ-ফেরতযোগ্য ৫০০০ টাকা প্রতি বছর ডাইরেক্টরেট অফ মার্কেটিং / গভর্নমেন্ট সাপ্লাই -এর অনুকূলে তা জমা দেবেন। প্রত্যেক খাদি সংস্থার ক্ষেত্রে এটা বাধ্যতামূলক। যাহারা তালিকাভুক্তির জন্য ইতিমধ্যে প্রস্তাব জমা দিয়েছেন, তাহারাও রেজিস্ট্রেশন বাবদ প্রতি বছর ৫০০০ টাকা জমা দেবেন।

# KHADI AND VILLAGE INDUSTRIES COMMISSION

MUMBAI
(Ministry of Micro, Small & Medium Enterprises, Govt of India)
Established by an Act of Parliament
(No.61 of 1956 and as amended by Act No. 12 of 1987 & Act No.10 of 2006)

सत्यमेव जयते

कामये दुःखतप्तानाम्।
प्राणिनाम् आर्तिनाशनम्॥

## KHADI MARK CERTIFICATE

Sr. No.________

Khadi India

This is to certify that ______________________Registration Number _______________ (New / Renewal) is authorized to use Khadi Mark tags and labels as governed by the Khadi Mark Regulations, 2013 with effect from

| ____ DD | ____ MM | ________ YYYY | to | ____ DD | ____ MM | ________ YYYY |
|---|---|---|---|---|---|---|

Date: ______________

Place: _____________

**Convener**
Central Khadi Mark Committee

**Chairman**
Central Khadi Mark Committee

# কল্যাণমূলক কর্মসূচী

**শিল্পি কল্যাণ তহবিল ট্রাস্ট কি (আরটিজেন ওয়েলকেয়ার ফান্ড ট্রাস্ট)**

কারিগর কল্যাণ তহবিলে জমা অর্থ রাজ্য পর্যায়ের কারিগর কল্যাণ এবং পেনশন ট্রাস্ট (এ ডবলু এফ টি) তহবিলে জমা দেওয়া **এম ডি এ'র দাবি নিস্পত্তির জন্য অন্যতম একটি পূর্বশর্ত।** প্রকৃতপক্ষে ব্যালেন্স সীট অনুযায়ী উপলব্ধ এই তহবিল পুরোপুরি রাজ্য পর্যায়ের ট্রাস্টে জমা দেওয়া প্রতিটি খাদি সংস্থার অবশ্য কর্তব্য। আর্টিজেন ওয়েলফেয়ার ফান্ড"-এ জমা দেওয়ার অবস্থা ইত্যাদি সংস্থার 'রেকর্ড নোটে' অবশ্যই উল্লেখ থাকবে।

**জনশ্রী বীমা যোজনা কি ( জে বি ওয়াই)**

এই প্রকল্পটি অন্যান্য গ্রুপ বীমার মত বটে তবে, জীবন বীমার মতো সুবিধাভোগীদের এতে টার্মিনাল সুবিধা পাওয়ার কোন সুযোগ নেই। প্রকল্প অনুযায়ী মৃত্যু / অক্ষমতার জন্য **শুধুমাত্র ঝুঁকিকেই উপলব্ধ** করা হয় কিন্তু বিমাকারী যদি পুরো সময়ের জন্য প্রানে বেঁচে যান তাহলে, যে প্রিমিয়ামের অর্থ তিনি প্রদান করেন অথবা তার হয়ে কে ভি আই সি / খাদি সংস্থা প্রদান করে, তার কোন রিটার্ন পাওয়া যায় না।

**প্রাপ্ত সুবিধা ঃ**

জনশ্রী বীমা যোজনাভুক্ত বীমাকারী অতিরিক্ত প্রিমিয়াম জমা দেওয়া ছাড়াই অতিরিক্ত কিছু সুবিধা পাবেন সেগুলি হোল ঃ-

খাদি কারিগরের সর্বোচ্চ **দুটি সন্তানের জন্য প্রতি সন্তান পিছু ১২০০ টাকা করে লেখাপড়ার জন্য টিউশন ফি বাবদ পেতে পারেন।**

**প্রিমিয়ামের পরিমাণ ঃ** প্রদত্ত প্রিমিয়ামে যদি ১০০ টাকা হয় (ধরা যাক)

সেক্ষেত্রে --

| | | |
|---|---|---|
| ১। | সামাজিক তহবিল (ভারত সরকার) থেকে প্রদেয় অর্থ ঃ | ৫০.০০ টাকা |
| ২। | সংস্থার প্রদেয় অর্থ ঃ- | ২৫.০০ টাকা |
| ৩। | কে ভি আই সি দ্বারা প্রদেয় অর্থ ঃ- | ১২.৫০ টাকা |
| ৪। | শিল্পীর দ্বারা প্রদেয় অর্থ ঃ- | ১২.৫০ টাকা |
| | | মোট ১০০.০০ টাকা |

# খাদি পণ্যের উন্নতি বর্ধন

**খাদি হলো হাতে কাটা সূতো থেকে হস্তচালিত তাঁতে প্রথাগত গ্রামীণ শিল্পীদের দ্বারা উৎপন্ন।** হাতে কাটা সূতো এবং হাতে বোনা বিক্রয় সাপেক্ষ বস্ত্র। পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ এম. ডি. এ, আইসেক প্রদান ও পি পি পি মডেলে আদর্শ বিক্রয় কেন্দ্রে বিক্রয় বিষয়ে প্রচার এবং বাজারজাতকরণের সহায়তা প্রদান করে। এছাড়া ইতিমধ্যে “প্রজেক্ট মসলিন” -এর বিপণন সহায়তার জন্য গড়ে উঠেছে “**ক্লাব মসলিন**”। এই কারণে ইতিমধ্যে আবার পর্ষদের প্রধান কার্যালয়ে মসলিন ভাণ্ডারও নির্মিত হয়েছে। প্রকল্পটি মসলিনের সঙ্গে যুক্ত সকলের সর্বাঙ্গীন উন্নয়নের জন্য একটি প্রয়াস বলা যায়।






**খাদি সিল্ক শাড়ী** **খাদি শার্ট** **খাদি সালয়ার**

ভারতীয় খদি বিশ্ববাজারে, বিশেষত পাশ্চাত্য দেশগুলিতে প্রবেশ করতে উপযোগী এবং প্রস্তুত। খাদির চাহিদাও বর্ধমান। কে ভি আই সি ন্যাশানল ইন্সিটিউট অফ ফ্যাশন টেকনোলজির মতো নামী সংস্থার সঙ্গে গাঁটছাড়া বেঁধেছে, উদ্দেশ্য উক্ত সংস্থার কাছে থেকে খাদি কর্তৃক পরিবেশের সাথে সামঞ্জস্যপূর্ণ ডিজাইনের পরামর্শ গ্রহণ। খাদিতে উৎপন্ন পণ্য উন্নয়নের জন্য ভারত সরকার একটি বিপণন সংস্থা প্রাইভেট-পাবলিক অংশীদারিত্বের ভিত্তিতে গড়ে তোলার পরিকল্পনা করছেন। এছাড়া খাদি সংস্কার ও উন্নয়ন কর্মসূচীর (কে আর ডি পি) অধীনে **পি পি পি মডেলে** একটি বিপণন সংস্থাও গড়ে তোলার বিষয়ে জোর দিয়েছে, যার কাজ হবে ‘কে ভি আই’ পণ্যের কার্যকরী বিপণন। পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ পশ্চিমবঙ্গের নানা জেলাতে এবং জাতীয় পর্যায়ে দিল্লীতে খাদি পণ্যের প্রদর্শনীর তথা বিক্রয়ের আয়োজন করে। মসলিনের জনপ্রিয়তা বাড়ানোর লক্ষে অতি সম্প্রতি কলকাতার দক্ষিণাপণ শপিং কমপ্লেক্সে **‘ক্লাব মসলিন’** নামে একটি বিক্রয়কেন্দ্র গড়ে উঠেছে। এর প্রধান উদ্দেশ্য শুধুমাত্র উৎপাদন বৃদ্ধি অথবা বিক্রয় বৃদ্ধি নয় - নতুন প্রজন্মকে আকর্ষণ করা একই সাথে হারিয়ে যাওয়া মূল্যবান ঐতিহ্য সম্পন্ন

# খাদি ফ্যাশন শো

১৫ই মার্চ, ২০১৫ ডি এন মিত্র স্কোয়ার (গাঁজা পার্ক) -এ খাদি পর্ষদের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে খাদির নব নব সৃষ্টিতে ভরা **ফ্যাশন শো** অভূতপূর্ব সাফল্য লাভ করে।

## ফটো গ্যালারি



**খাদি যেখানে দৃষ্টি নন্দন**



আরাম সঙ্গে স্টাইল



**পরমোৎকৃষ্ট আঙ্গিক**



**নতুন প্রজন্মের পছন্দসই পোশাক**

# ফটো গ্যালারি





আত্মবিশ্বাসেভরা সাবলীল চালে



ফ্যাশনের চূড়ান্ত স্তরে খাদি

# এক নজরে

খাদি সংক্রান্ত বর্তমান ক্রিয়াকলাপ

১। খাদি কর্মসূচীর পরিকল্পনা, উন্নয়ণ, সংগঠিতকরণ এবং রূপায়ন। (বর্তমানে পর্ষদের অনুমোদিত ১৬৫টি চালু খাদি সংস্থা)।

২। বাঁকুড়ার সোনামুখিতে বালুচরি কমপ্লেক্সের রূপায়ন।

৩। নদীয়ার নবদ্বীপে অতি সূক্ষ মসলিনের উন্নয়ণ কার্যকলাপ।

৪। নদীয়ার নবদ্বীপে খাদি প্রশিক্ষণ তথা উৎপাদন ও গবেষণা কেন্দ্র।

৫। নকশা উন্নয়ণ এবং প্যাকেজিং।

৬। প্রয়োজন ভিত্তিক "কে.আর.ডি.পি" প্রকল্পের অধীনে আর্থিক সহায়তা প্রদান।

৭। নানা স্ফূর্তি প্রকল্প রূপায়ণ।

৮। খাদি সংস্থাগুলিকে সুদ-ভর্তুকি প্রদান (আইসেক) কর্মসূচীর রূপায়ন।

৯। খাদি সংস্থা ও কারিগরদের প্রকৃত উৎপাদন হিসাবের তদন্ত সাপেক্ষে (বিপনন উন্নয়ণ সহায়তা) এম.ডি.এ. এর অর্থ প্রদান।

১০। পর্ষদের নিজস্ব উৎপাদন কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়ণের মাধ্যমে অধিক কর্মসংস্থান।

১১। খাদি কারিগরদের কাজের সুবিধার জন্য ওয়ার্কশেডের বন্দোবস্ত করা।

১২। খাদি প্রর্দশনশালাতে খাদির সঙ্গে সম্পর্কযুক্ত নানা মূল্যবান ঐতিহ্যের সংরক্ষন ও প্রদর্শন।

১৩। নানা কাজের মাধ্যমে খাদি দর্শনের অবিরাম প্রচার।

১৪। হাওড়ার উদয়নারায়ণপুরে খাদি কেন্দ্রে বস্ত্র উৎপাদন।

১৫। কলকাতার দক্ষিনাপণে "ক্লাব মসলিন" উদ্বোধনের মাধ্যমে মসলিনের বিপনন কর্মসূচী রূপায়ণ।

১৬। দরিদ্র তাঁতিদের ক্ষমতায়নের জন্য প্রকল্প-'তাঁতি সাথী'র রূপায়ণ

যদিও এই "খাদি কার্যক্রম সহায়িকাটি" প্রস্তুতকালে আপ-টু-ডেট করার বিষয়ে লক্ষরাখা হয়েছে, তবুও যদি অনিচ্ছাকৃতভাবে কোন কিছু এতে বাদ গিয়ে থাকে অথবা ভুল হয় তাহলে,তা সংশোধনের জন্য কতৃপক্ষের নজরে আনা যেতে পারে।

বিশদ জানবার জন্য ওয়েবসাইট

**www.wbkvib.org.in**

# গুরুত্বপূর্ণ ফোন ও ইমেল নং

## ক) প্রধান কার্যালয়

| Sl. No. | OFFICIALS | CONTACT NOS. | | E-mail Id. |
|---|---|---|---|---|
| | | Land No. | Mobile No. | |
| 1 | Chairman of the Board | 033-2231-5672 | 8335060727 | — |
| 2 | Vice Chairman | 033-231-5672 | — | — |
| 3 | Chief Executive Officer<br>Fax No. | 033-2213-0304<br>033-2231-1281 | 8335060740 | i) ceowbkvib@gmail.com<br>ii) kvibwb@gmail.com |
| 4 | Secretary (with fax) | 033-2231-1279 | 8335060741 | secretarywbkvib@gmail.com |
| 5 | Financial Advisor & Chief Accounts Officer | 033-2231-1280 | 8335060742 | |
| 6 | Additional Executive Officer | 033-2210-4426 | 8335060743 | |
| 7 | Planning Cum Evaluation Officer | 033-2243-4157 | 8335060744 | peowbkvib@gmail.com |
| 8 | O.C(M) | 033-2230-6298 | 8335060745 | pomwbkvib@gmail.com |
| 9 | Accounts Officer | 033-2231-4203 | 8335060746 | |
| 10 | Chief Organizer (V.I.) | 033-2230-6298 | 8335060747 | coviwbkvib@gmail.com |
| 11 | Chief Organizer (Khadi) | 033-2230-6298 | 8335060748 | wbkvibcok@gmail.com |
| 12 | Office Superintendent | 033-2230-6298 | 8335060749 | oswbkvib@gmail.com |
| 13 | Caretaker | 033-2230-6298 | 8335060750 | |
| 14 | Office General | 033-2230-6298 | — | |

## খ) জেলা ও অন্যান্য কার্যালয়

| Sl. No. | OFFICIALS | CONTACT NOS. | | E-mail Id. |
|---|---|---|---|---|
| | | Land No. | Mobile No. | |
| 1 | District Officer, 24-Pgs.(South) | 2229-1972 | 8335060751 | do.wbkvib.s24p@gmail.com |
| 2 | District Officer,24-Pgs.(North) | 2552-2246 | 8335060752 | do.wbkvib.n24p@gmail.com |
| 3 | District Officer, Howrah | 2653-0380 | 8335060753 | wbkvibhowrah@gmail.com |
| 4 | District Officer, Hooghly | 2680-3212 | 8335060754 | dowbkvibhoog@gmail.com |
| 5 | District Officer, Birbhum | 03462-255676 | 8335060755 | dowbkvibbir@gmail.com |
| 6 | District Officer, Purulia | 03252-223156 | 8335060756 | dowbkvibpuru@gmail.com |
| 7 | District Officer, Paschim Medinipur | 03222-263020 | 8335060757 | wbkvibmdpw@gmail.com |
| 8 | District Officer, Nadia | 03472-252051 | 8335060758 | do.nadiawbkvib@gmail.com |
| 9 | District Officer, Purba Medinipur | 03228-262663 | 8335060759 | domdpewbkvib@gmail.com |
| 10 | District Officer, Bankura | 03342-251367 | 8335060760 | dowbkvibbnk16@gmail.com |
| 11 | District Officer, Burdwan | 0342-2568740 | 8335060761 | dowbkvibburd@gmail.com |
| 12 | District Officer, Murshidabad | 03482-253502 | 8335060762 | dowbkvibmsd@gmail.com |
| 13 | District Officer, Malda | 03512-252830 | 8335060763 | dowbkvibmld@gmail.com |
| 14 | District Officer, Uttar Dinajpur | 03523-252476 | 8335060764 | dowbkvibudnj@gmail.com |
| 15 | District Officer, Dakshin Dinajpur | 03522-271826 | 8335060765 | dowbkvibddnj@gmail.com |
| 16 | District Officer, Jalpaiguri | 03561-231103 | 8335060766 | dowbkvibjal@gmail.com |
| 17 | District Officer, Darjeeling | 03532-525278 | 8335060767 | dowbkvibdar@gmail.com |
| 18 | District Officer, Coochbehar | 03582-223091 | 8335060768 | dowbkvibcbh@gmail.com |
| 19 | I.C.Kalyani HMP Centre | — | 8335060769 | — |



*"আমি বিশ্বাস করি যে গরিবের জন্য বিশুদ্ধ সক্রিয় প্রেমে ঈশ্বর বর্ত্তমান। চরখার উপর আঁকা প্রতিটি সুতোতেও আমি ঈশ্বরকে দেখতে পাই।"* *(ইয়াং ইন্ডিয়া, ২০.০৫.১৯২৬)*

## WHY KHADI

- এর অপর নাম আরাম।
- সাংস্কৃতিক পরম্পরায় সমৃদ্ধ-নির্ভরশীল ও টেকসই।
- সৃষ্টির সঙ্গে ফ্যাসানের পুনঃসজ্জায়ন।
- আপনার অর্থের প্রকৃত মূল্য দিতে বদ্ধপরিকর।
- উন্নতির নতুন দিগন্তের এক আবিষ্কার।
- আপনার অন্বেষণ সমাপ্ত হয় এখানে।
- প্রকৃত সমাজ পরিবর্তনের অনুঘটক হলো খাদি।

## অনুমোদিত বিক্রয় কেন্দ্র

- গ্রামীন, ভবানীপুর - ৯৬৭৪৫১৭০৭৫
- গ্রামীন, উত্তরাপন - ৮৩৩৪০১২৫৫৪
- গ্রামীন, বেহালা - ৯০০৭৫৬৭৯৭৪
- গ্রামীন, হলদিয়া - ৯৪৩৩৬২৭৩৮৯

**খাদি মানে — অভিজাত নকশা আর বয়নের বিন্যাস ও রঙের বাহার এবং নিজস্ব স্টাইল**



একটি বালুচরী শাড়ীর অংশবিশেষ (সিল্ক খাদি)



**পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীন শিল্প পর্ষদ**
১২, বি.বা.দী. বাগ, কোলকাতা-৭০০ ০০১
ওয়েবসাইটঃ **www.wbkvib.org.in**
কর্তৃক প্রকাশিত